দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 19 ■ 9th May, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/86

কলকাতা IT জব ফেয়ার : DESUN Career Connect 2026
কর্মসংস্থানের নতুন দিগন্ত বাংলার তরুণ-তরুণীদের জন্য
1500+ আবেদন | 400+ অংশগ্রহণ | 60+ শর্ট লিস্টেড | 32+ পরীক্ষিত | 17 স্পট জব অফার
SKILLS = JOB HR | UI/UX DESIGN | DIGITAL MARKETING | MERN STACK
আপনি কি এর অংশ হতে চান? তাহলে আপনার দক্ষতা বাড়ান ও চাকরি পান— বাজারে চাহিদা আছে, আপনার শুধু দক্ষতা থাকা প্রয়োজন।
DESUN ACADEMY
:9429691888

## ব্যাঙ্কে ১,৮৬৫ অ্যাপ্রেন্টিস

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া অ্যাপ্রেন্টিস হিসাবে ১,৮৬৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৪-২০২৬'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে রুরাল/সেমি আরবানদের বেলায় ১৫,০০০ টাকা, আরবানদের বেলায় ১৮,০০০ টাকা, মেট্রো এলাকার বেলায় ২০,০০০ টাকা।

যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার। কোন রাজ্যে ক'টি সীট আছে : শূন্যপদ : পশ্চিমবঙ্গ ৫৬টি (জেনাঃ ২৫, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৫, প্রতিবন্ধী ৩)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ১টি, আন্ধ্রা প্রদেশ ৩০৩টি, অসম ২৯টি, বিহার ৬০টি, চণ্ডীগড় ৬টি, ছত্তিশগড় ২৫টি, দাদরা ও নগর হাভেলি ১টি, দমন ও দিউ ১টি, গোয়া ৫টি, গুজরাট ৫৮টি, হরিয়ানা ৩০টি, হিমাচল প্রদেশ ১টি, জম্মু ও কাশ্মীর ২টি, ঝাড়খন্ড ৩৪টি,

এরপর ৩ পাতায়

## রিজার্ভ ব্যাঙ্কে ৬০ অফিসার

**গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েদের**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'অফিসার, গ্রেড-বি (ডি.আর.) জেনারেল', 'অফিসার, গ্রেড-বি (ডি.আর.) ডি.ই.পি.আর.' ও 'অফিসার, গ্রেড-বি (ডি.আর.) -(ডি.এস.আই.এম.)' পদে ৬০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অফিসার, গ্রেড-বি (ডি.আর.) (জেনারেল) : মোট অন্তত ৬০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে সাধারণ ভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৭৮,৪৫০-১,৪১,৬০০ টাকা। শুরুতে ২ বছর প্রবেশন। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ৯, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৪)।

অফিসার, গ্রেড-বি (ডি.আর.) -ডি.ই.পি.আর : অর্থনীতি, কোয়ান্টিটেটিভ ইকনমিক্স, ম্যাথমেটিক্যাল ইকনমিক্স, অ্যাপ্লায়েড ইকনমিক্স, ইকনোমেট্রিক্স, ফিনান্সিয়াল ইকনমিক্স, বিজনেস ইকনমিক্স, অ্যাগ্রিকালচার ইকনমিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইকনমিক্স,

এরপর ১২ পাতায়

### কলকাতার ১৩২টি আইটি কোম্পানিতে

## ৪৬,৮৩২ AI বেসড গ্রাফিক্স ডিজাইনার ও ওয়েব ডিজাইনার

পল্লবী দেওয়ান, সল্টলেক : কলকাতার ১৫২টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ২৬,৪১২ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ও ২০,৪২০ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে

এরপর ৪ পাতায়

### কেন্দ্রীয় সংস্থায়

## ২৮ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালউরু : প্রতিরক্ষা মন্ত্রকের ডি.আর.ডি.ও.'র অধীন ডিফেন্স বায়ো-ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রো মেডিক্যাল ল্যাবরেটরি 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

এরপর ৩ পাতায়

### HCL, TCS, TechMahindra, Wipro সহ নামি আইটি কোম্পানিতে

## সামনের ৯ মাসে AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৬৯,২১২ চাকরি

**মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে**

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

সৈকত হালদার, কলকাতা : দেশের আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোম্পানি TCS গত ৩ মাসে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে ৯,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছে। আর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছে, যাঁরা শুধু ডিজিটাল মার্কেটিং নয়- AI ইন্টিগ্রেটেড ডিজিটাল

এরপর ৭ পাতায়

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
WBCS প্রিলিমিনারি
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
প্রতিটি মাত্র ~~৩৫০/- টাকা~~ ৩০০/-টাকা

## IRCTC'তে ৪৯ চাকরি

**সরাসরি ইন্টারভিউ কলকাতায় ১৮ থেকে ২০ মে**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটারিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন লিমিটেড 'হসপিটালিটি মনিটর' হিসাবে ৪৯ জন লোক নিচ্ছে।

হসপিটালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশন বা, হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটেরিং সায়েন্সের বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বি.বি.এ./এম.বি.এ. (কুলিনারি আর্টস), এম.বি.এ. (ট্যুরিজম অ্যান্ড হোটেল ম্যানেজমেন্ট) কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৭-৪-২০২৬'এর হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ৩০,০০০ টাকা। এছাড়াও ট্রেনে থাকাকালীন দৈনিক ৩৫০ টাকা, রাতে থাকার জন্য দৈনিক ২৪০ টাকা পাবেন। শূন্যপদ : ৪৯টি। ২ বছরের চুক্তিতে নেওয়া হবে। প্রয়োজনে আরো ১ বছর বাড়ানো হতে পারে। এই পদের বিজ্ঞপ্তি নং :

এরপর ৩ পাতায়

## রেলে ৪০ ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : রেল ল্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি 'সাইট ইঞ্জিনিয়ার (সিভিল/ ইলেক্ট্রিক্যাল)' পদে ৪০ জন লোক নিচ্ছে। সিভিল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫%

এরপর ৩ পাতায়

## বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে সেনাবাহিনীতে চাকরি

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় স্থলবাহিনী বিনা খরচায় ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পড়িয়ে (১০+২টেকনিক্যাল এন্ট্রি স্কিম কোর্সে-TES-56) লেফটেন্যান্ট পদে চাকরি দিচ্ছে। শুরুতে 'ক্যাডেট' হিসাবে ট্রেনিং। ৩ বছর পরই মাসে ৫৬,১০০ টাকা করে স্টাইপেন্ড পাবেন। তারপর চতুর্থ বছরের পরীক্ষায় সফল হলে একদিকে যেমন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের

এরপর ২ পাতায়

### উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে ২৯ ও ৩০ মে

## মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

### এবার আপনার শহরে কর্মসংস্থান হাজির

নিজস্ব প্রতিনিধি, মালদহ : মালদহ জেলায় এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভালো কেরিয়ার তৈরি করার জন্য কোন বিষয় নিয়ে পড়বেন অথবা এখনই ভালো মাইনের চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স পড়বেন, তা নিয়ে ভাবছেন? এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল

এরপর ৫ পাতায়

অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যতকে প্রতিষ্ঠিত করে তুলুন

LL.B (3yrs.) Direct Admission
LL.B (3rs.) যে কোনো বয়সে
যোগ্যতা যে কোনো University-র Graduate (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%
LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)
AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়
ল' পয়েন্ট

১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে
9830132343 / 9836922534 / 6290760935

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422

R

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213

CM

## কর্মখালি

কেরিয়ার গড়ুন সেলস অ্যান্ড মার্কেটিং -এর বিভিন্ন পদে। যোগাযোগ : 6289107967, 8336889921

D

**স্থায়ী নিয়োগ**
কলকাতা মেট্রোরেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে সরাসরি ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18,500 – 65,500). PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়ার বিশেষ সুবিধা। M : 9134766124

SA(A)

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

## কর্মখালি

**জরুরী বিজ্ঞপ্তি**
এয়ারপোর্ট-এ যোগ্যতানুযায়ী বিভিন্ন স্থায়ী পদে M/F উভয় সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (17,500–62,700). থাকা-খাওয়া-সহ PF, ESI, বোনাস ও প্রমোশন পাবেন। M : 83450-71308

SA(A)

**Airport Job Vacancy**
কলকাতা, দমদম, শিলিগুড়ি, বাগডোগড়া ও দুর্গাপুর, অন্ডাল এয়ারপোর্ট-এ যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন : (15,700– 68,900). থাকা-খাওয়া-সহ PF, ESI, বোনাস, প্রমোশন-এর সুবিধা পাবেন। M : 7074285983

SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
দমদম ও বাগডোগড়া এয়ারপোর্ট-এ বিভিন্ন অফিসিয়াল পদে ছেলে ও মেয়ে স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা: MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (17,200–62,700). যোগাযোগ - M : 85378 52605

SA(A)

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9051486733, ব্যারাকপুর/ডানলপ- 9073810433

M

**বিশেষ বিজ্ঞপ্তি**
'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়।
— সম্পাদক, **কর্মসংস্থান**

## কর্মখালি

টালিগঞ্জ, কামালগাছী, নিউটাউনে গার্ড, লেডি গার্ড, সুপারভাইজার দরকার। যোগ্যতা Graduate (2021 এর পর পাশ), বয়স 22-27 এর মধ্যে, বেতন 12,000 + 4 ছুটি + PF + ESIC. Mobile : 7003999043

SH

## কর্মখালি

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18,500 – 67,800), PF, ESI, বোনাস, প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। M : 8537984211

SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**চাকরির জন্য টাকা দেবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, **কর্মসংস্থান**

# WBCS ও অন্যান্য সরকারি চাকরি পরীক্ষায় সাফল্যের গোপন রহস্য



*পম্পা শূর*
*পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত বিশেষ আধিকারিক (WBCS)*

সামনেই WBCS ২০২৪ ব্যাচের প্রিলিমস। যাঁরা প্রথমবার WBCS পরীক্ষা দেওয়ার প্রস্তুতি নিচেছন—
যাঁরা WBCS প্রিলিমিনারি স্তরে বারবার আটকে যাচেছন; যাঁরা সম্মানীয় ও সিস্টেমের ভিতরে থাকা কোনো কৌশলী আধিকারিক বা প্রশিক্ষক খুঁজছেন। তাঁদের জন্য আজ প্রয়োজনীয় কিছু আলোচনা :

তোমরা সকলেই জানো, পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত WBCS পরীক্ষা রাজ্যের প্রশাসনিক চাকরিতে যোগদানের এক অন্যতম প্রবেশদ্বার। বিশেষ করে Group A, C ও D পদের জন্য প্রতিযোগিতা প্রতি বছর যে হারে বাড়ছে, তাতে সঠিক পরিকল্পনা ও প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। প্রিলিমিনারি পরীক্ষা হলো এই দীর্ঘ যাত্রার প্রথম ধাপ, যা মূলত পরবর্তী মূল পরীক্ষার (Mains) টিকিট হিসেবে কাজ করে।

**প্রস্তুতির মূল ভিত্তি :**
প্রিলিমিনারি পরীক্ষায় সফল হতে গেলে ২০০ নম্বরের অবজেক্টিভ পেপারটিতে দখল থাকা জরুরি। এর প্রস্তুতির জন্য আটটি প্রধান বিষয়ের ওপর সমান গুরুত্ব দিতে হয়:

- **ইংরেজি ও সাধারণ বিজ্ঞান:** এখানে বেসিক গ্রামার ও দৈনন্দিন বিজ্ঞানের ওপর জোর দেওয়া প্রয়োজন।
- **ইতিহাস ও জাতীয় আন্দোলন:** WBCS-এর ক্ষেত্রে ভারতের ইতিহাস ও বিশেষ করে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস সবথেকে গুরুত্বপূর্ণ অংশ।
- **ভূগোল ও অর্থনীতি:** ভারতের ভূগোলের পাশাপাশি পশ্চিমবঙ্গের ভৌগোলিক অবস্থান ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা বা সাম্প্রতিক অর্থনৈতিক নীতিগুলি খুঁটিয়ে পড়তে হয়।
- **কারেন্ট অ্যাফেয়ার্স ও অ্যাপটিটিউড:** গত এক বছরের গুরুত্বপূর্ণ ঘটনাবলি ও নিয়মিত গণিত ও জিআই (GI) প্র্যাকটিস আত্মবিশ্বাস বাড়ায়।

**প্রশিক্ষণের গুরুত্ব :**
একজন পরীক্ষার্থীর জন্য সেলফ স্টাডি জরুরি হলেও, একটি সঠিক প্রশিক্ষণ তাকে অন্যদের থেকে এগিয়ে রাখে। প্রশিক্ষণের মাধ্যমে প্রার্থীরা সিলেবাসের কোন অংশটি বাদ দিতে হবে ও কোনটিতে বেশি সময় দিতে হবে, তার একটি স্বচছ ধারণা পায়। এছাড়া নিয়মিত মক টেস্ট দেওয়ার ফলে সময়ের সঠিক ব্যবস্থাপনা (Time Management) রপ্ত করা সম্ভব হয়।

**সাফল্যের কৌশল :**
গ্রুপ A-এর মতো উচচপদস্থ পদের স্বপ্ন যাঁরা দেখেন, তাদের প্রিলিমিনারি স্তর থেকেই মেইন্স পরীক্ষার কথা মাথায় রেখে গভীর পড়াশোনা করা উচিত। নেতিবাচক মার্কিং (Negative Marking) এড়িয়ে চলার জন্য নির্ভুল উত্তর দেওয়ার অভ্যাস তৈরি করাই হলো এই যুদ্ধের আসল মন্ত্র। সঠিক প্রশিক্ষণ ও নিয়মিত অধ্যাবসায় থাকলে WBCS-এর বাধা অতিক্রম করা প্রায় কিছুই নয়।

**কোথায় প্রস্তুতি নিতে হবে?**
বাজারে অনেক প্রশিক্ষণকেন্দ্র থাকলেও এমন প্রশিক্ষণ শিবিরকেই বেছে নিতে হবে, যাঁদের প্রশিক্ষকরা নিজেরাই হয় অবসরপ্রাপ্ত WBCS অফিসার, কিংবা চাকরিরত WBCS অফিসার, যাঁরা সাম্মানিকরূপে প্রশিক্ষক হিসেবে আমন্ত্রিত। মনে রাখতে হবে, এঁরা যেহেতু নিয়োজিত নয়, বরং নিবেদিত, তাঁরা কখনই একসঙ্গে দশের বেশী ছাত্রছাত্রীদের ভর্তির বিপক্ষে। অর্থাৎ মুনাফা নয়, Great Basket Career য়ের মতো প্রশিক্ষণ শিবিরের মূল লক্ষ্য থাকে, অতি যত্নসহকারে ব্যক্তিগত মেন্টরশিপ। এসব প্রস্তুতিকেন্দ্র বিশ্বাস করে - কেবল বই পড়ে নয়, বরং সিলেবাসের সঠিক বিন্যাস ও পরীক্ষা-পদ্ধতির কৌশলী বিশ্লেষণই একজন ছাত্রকে সফল করে তোলে। বলা যেতে পারে, নিম্নলিখিত পরিষেবার জন্যই "Great Basket Career" আজ যুক্তিসঙ্গত কারণেই গুণগত মানের সেরা উদাহরণ, যেখানে সাফল্যের হার ৯১%।

- **সিলেবাস ভিত্তিক স্টাডি মেটেরিয়াল:** ইংরিজি, ইতিহাস (বিশেষ করে জাতীয় আন্দোলন), ভূগোল ও বিজ্ঞানের ওপর বিশেষ জোর দিয়ে তৈরি আধুনিক নোটস।
- **মক টেস্টের ম্যাজিক:** প্রিলিমিনারি পরীক্ষার ভয় কাটাতে প্রতি সপ্তাহে বিস্তর সময় ধরে মক টেস্টের আয়োজন, যা টাইম ম্যানেজমেন্টে সাহায্য করে।
- **ইকোনমি ও কারেন্ট অ্যাফেয়ার্স:** সমসাময়িক ঘটনাবলি ও পশ্চিমবঙ্গের অর্থনীতির ওপর নিয়মিত ক্লাস, যা প্রিলিমসের পাশাপাশি মেইন্সের ভিত্তি গড়ে দেয়।
- WBCS অফিসারদের আসমুদ্র অভিজ্ঞতায় পরিপুষ্ট মেন্টরশিপ, যা প্রতিটি ছাত্রের দুর্বলতা বুঝে তার মস্তিষ্কে বিচরণ করে।

এবারে বিজ্ঞানসম্মত প্রস্তুতি ও মেন্টরশিপ বিষয়টিতে একটু আলোকপাত করা যাক:

বর্তমান সময়ে WBCS প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্নপত্রের ধরনে আমূল পরিবর্তন এসেছে। প্রথাগত মুখস্থ বিদ্যার বাইরে বেরিয়ে এসে গভীর বিশ্লেষণমূলক পড়াশোনার প্রয়োজনীয়তা বাড়ছে। মন্ত্র হলো প্রতিটি বিষয়ের ওপর খুঁটিনাটি ধারণা তৈরি করা। বিশেষ করে ভারতীয় জাতীয় আন্দোলন, ইংরেজি ও সাধারণ বিজ্ঞানের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলোর জন্য অভিজ্ঞ WBCS মেন্টরদের সাহায্য নিতে পারলে তুলনামূলক ভাবে সাফল্যের হার বাড়বে। এখানে WBCS ও মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার নতুন ব্যাচে ভর্তি চলছে। চাকরিGB - গ্রেট বাস্কেট ক্যারিয়রে যোগাযোগ করতে হলে ফোন করতে হবে - ৮৯০২৩ ৫৬৯৬৭ বা ৯৮৩০২ ০০২১০ তে। অফলাইন ক্লাসরুম; শিয়ালদহ স্টেশনের কাছে জগৎ সিনেমা হলের পাশের রাস্তাতেই।

# বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে

১ পাতার পর ☞

সার্টিফিকেট পাবেন, অন্যদিকে তেমন লেফটেন্যান্ট পদে স্থায়ী চাকরি। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচচমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ২০২৬ সালের জে.ই.ই. (মেনস) পরীক্ষা দিয়ে থাকতে হবে।

বয়স হতে হবে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-২০০৮ থেকে ১-১-২০১১'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় ১৫২-১৮৩ সেমি আর ওজন হতে হবে ৪৩-৬৮ কেজি। বুকের ছাতি ৫ সেমি প্রসারণক্ষম থাকা দরকার। এছাড়া শারীরিক সুস্থতা থাকতে হবে। মোট ৫ বছরের ট্রেনিং। এর মধ্যে প্রথমে ১ বছর বেসিক মিলিটারি ট্রেনিং হবে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে। সফল হলে ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিং হবে পুণের কলেজ অফ মিলিটারি ইঞ্জিনিয়ারিংয়ে, সেকেন্দরাবাদের মিলিটারি কলেজ অফ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স ও মোহৌয়ের মিলিটারি কলেজ অফ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে। এরপর ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১ বছরের পোস্ট কমিশন ট্রেনিং হবে। সফল হলে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন। ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৫৬১০০ টাকা। ৪ বছরের ট্রেনিং শেষে 'লেফটেন্যান্ট' র‍্যাঙ্কে চাকরি। তখন মূল মাইনে : ৫৬১০০-১,৭৭,৫০০ টাকা। এরপর ধাপে ধাপে লেফটেন্যান্ট জেনারেল পদ পর্যন্ত পদোন্নতি হতে পারে। শূন্যপদ : ৯০টি। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। উচচমাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউ হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালউরু ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ মে থেকে ১২ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in

অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। এবার এই অ্যাপ্লিকেশনের ১ কপি নিজের কাছে রেখে দেবেন। আরেক কপির সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল আর ২০ কপি পাশপোর্ট মাপের ফটো নিয়ে প্রার্থী বাছাই পরীক্ষার সময় যেতে হবে। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# কীভাবে সাধারণ গ্র্যাজুয়েট হয়েও গ্রাফিক্স ডিজাইনিংয়ে হ্যান্ডসাম মাইনের চাকরি পেলাম



রাহুল শ
গ্রাফিক্স ও UI/UX ডিজাইনার

আমি, রাহুল শ। সরশুনা কলেজ থেকে সায়েন্স নিয়ে গ্র্যাজুয়েশন পাশ করি। তারপর অনেকদিন চাকরির খোঁজে ইন্টারভিউ দিয়েছি। কিন্তু কোথাও শিঁকে ছেড়েনি। কিন্তু একটা ব্যাপারে আমি নিশ্চিত ছিলাম— লেগে থাকলে চাকরি হবেই। কিছুতেই আশা হারালে চলবে না। এই আশায় আমি প্রত্যেক সপ্তাহে **কর্মসংস্থান** কাগজ রাখতাম। প্রথম থেকে শেষ পাতা পর্যন্ত খুঁটিয়ে পড়তাম। আর বাকি সময়টা হাত খরচ চালানোর জন্য টিউশানি করতাম। নিজেকে সমানে প্রশ্ন করতাম এর শেষ কোথায়? উত্তরটা একদিন পেলাম কর্মসংস্থান কাগজেই। ওখানেই প্রথম পাতায় একটা খবর আমার চোখ টেনে নেয়। জানতে পারলাম আমাদের রাজ্যে প্রত্যেক মাসে ২,০০০ থেকে ৩,০০০ ছেলেমেয়ে নেওয়া হয় আইটি ইন্ডাস্ট্রিতে। আমার সংশয় ছিল— আমি পারব কিনা! ওই লেখাতেই প্রথম জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। সরাসরি ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মনে হয়েছিল আমি কি আদৌ পারবো? কারণ, আমার তো ব্যাকগ্রাউন্ড 'নন-আইটি'। কিন্তু ওখানে গিয়ে বুঝলাম— এখানে এসে আমি ভুল করিনি। আমার মত সায়েন্স গ্র্যাজুয়েট যদি ৬ থেকে ৯ মাসের ট্রেনিংয়ে নিশ্চিত চাকরি পেতে চায় — তাহলে এই প্রতিষ্ঠানটি একদম আদর্শ। প্রথম দিনেই ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৯ মাসের মধ্যে আমার কাঙ্খিত 'চাকরি' পাবো — তার পরিষ্কার গাইডলাইন বুঝিয়ে দিলেন। আমি ভাবলাম এ সুযোগ গেলে আর আসবে না। আমার সামনে 'শিক্ষিত বেকার' ট্যাগ ঘোচানোর অমোঘ হাতছানি। চাকরি আমাকে পেতেই হত। তাই সব সংশয় দুর করে, ডিসানের কাউন্সিলারদের পরামর্শ মত আমি Graphics & UI/UX Design কোর্সে ভর্তি হই। এটি ৬ মাসের কোর্স। এখানে মূলত Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারের ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। এখনকার দিনে দাঁড়িয়ে আইটি ইন্ডাস্ট্রির অন্যতম গুরুত্বপূর্ণ কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা আর্নস্ট অ্যান্ড ইয়ং-এর মতে আগামী বছরের মধ্যে গ্রাফিক্স ডিজাইনিংয়ে চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ২২-২৪ হাজার লোক লাগে) ৩৬% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি পাবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং বা ইউজার টেস্টিংয়ের প্রয়োগ করে, ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। অর্থাৎ গোদা বাংলায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। ডিসানে এই সব বিষয় সেরা ট্রেনিং দেওয়া হয়। গত বছরে আমার ট্রেনিং শেষ হয়। শেষ হওয়ার আগেই আমি একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। তখন থেকেই আমি মাসে রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পেতাম। ৬ মাস পর আমি কলকাতার একটি নামী সফটওয়্যার ডেভেলপিং সংস্থায় গ্রাফিক্স ডিজাইনার হিসাবে চাকরি পাই। এখন আমি বছরে ১,৯৭,০০০ টাকা রোজগার করি — যা আমার কলেজের ব্যাচমেটদের মধ্যে এত তাড়াতাড়ি কেউ রোজগার করে না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ থেকে ৯ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

## রেলে ৪০ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

(তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কোনো সরকারি সংস্থা বা, প্রাইভেট সংস্থায় অন্তত ২ বছর কাজ করার পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২২-৫-২০২৬'এর হিসাবে ৪৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ৭৬,০০০ টাকা। শূন্যপদ : ৪০টি। এর মধ্যে সিভিল ৩০টি ও ইলেক্ট্রিক্যাল ১০টি। চাকরি হবে চুক্তিতে। তবে প্রয়োজনে আরো ১ বছর বাড়তে পারে। এই পদের বিজ্ঞপ্তি নং : Vacancy Notice No. 13/26/ S.E. Contract., Date: 02.05.2026

প্রার্থী বাছাই হবে শিক্ষগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.rlda.indianrailways.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, অভিজ্ঞতার সার্টিফিকেট, শেষ ৩ মাসের পে স্লিপ, Form -16 (২০২৫-২৬ অর্থবর্ষের), অ্যাড্রেস প্রুফ, ৪ কপি পাশপোর্ট মাপের ফটো। দরখাস্ত ই-মেল করবেন ২২ মে'র মধ্যে। এই ই-মেল আই.ডি.-তে : site.engg.rlda@gmail.com

## কেন্দ্রীয় সংস্থায় ২৮ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, ই.সি.ই., ই অ্যান্ড আই, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি, বায়ো-মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই./বি.টেক.), লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি, ফিজিক্সের বি.এসসি. কোর্স ও অ্যাকাউন্টস (বি.কম.) কোর্স পাশরা যোগ্য।

বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল-৭টি, ইলেক্ট্রনিক্স, ই.সি.ই., ই অ্যান্ড আই-৬টি, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি-৩টি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি-৪টি, বায়ো-মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং-৪টি, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং-১টি। লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি-১টি, ফিজিক্স-১টি, অ্যাকাউন্টস-১টি। এই পদের বিজ্ঞপ্তি নং : DEBEL / HRD/Apprentice/2026-27/01.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে / লিখিত পরীক্ষা / ইন্টারভিউয়ের মাধ্যমে। সফল হলে জয়েনিং তারিখ ১ জুলাই।

আগ্রহী প্রার্থীদের প্রথমে 'ন্যাটস' পোর্টালে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ২০ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in

## IRCTC'তে ৪৯ চাকরি

১ পাতার পর

IRCTC/EZ/HRD/Recruit./Contract/ HM-VI/2026/01, Dated: 27.04.2026. প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে কলকাতায় ১৮, ১৯, ২০ মে, এই ঠিকানায় : IRCTC Zonal Office, 3, Koilaghat Street, Ground Floor, Kolkata -700 001. তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও জেরক্স কপি।

## সেনাবাহিনীর স্কুলে শিক্ষক-শিক্ষিকা

সি.আর.পি.এফ. দুর্গাপুরের মন্তেশ্বরী স্কুল সংস্কার'এ কাজের জন্য হেড মিস্ট্রেস, নার্সারি লেডি টিচার্স, অ্যাডিশনাল টিচার ও আয়া পদে ১২ জন লোক নিচ্ছে। দরখাস্ত করবেন ৭ মে'র মধ্যে। দরখাস্ত পাঠাবেন এই ই-মেল আই.ডি.-তে : groupcentredurgapur@gmail.com

## দিল্লি পুলিশের কনস্টেবল পদের ফল বেরোল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের দিল্লি পুলিশের কনস্টেবল (ড্রাইভার-মেল) পদের কম্পিউটার বেসড টেস্টের ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://ssc.gov.in

## ব্যাঙ্কে ১,৮৬৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

কর্ণাটক ১৩১, কেরলম ৩৯, লাদাখ ১টি, লাক্ষাদ্বীপ ১টি, মধ্য প্রদেশ ১১৬, মহারাষ্ট্র ১৯৬, মেঘালয় ১টি, নাগাল্যান্ড ১টি, দিল্লি (এন.সি.টি.) ৪৮টি, ওড়িশা ৫৮টি, পুদুচেরি ১টি, পঞ্জাব ২১, রাজস্থান ৩২, সিকিম ২টি, তামিলনাড়ু ৯৫, তেলেঙ্গানা ১৬৪, ত্রিপুরা ১টি, উত্তর প্রদেশ ৩৩৫, উত্তরাখণ্ড ১০।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে মে-জুন মাস নাগাদ। ১ ঘন্টার পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড, কম্পিউটার বা, বিষয় সংক্রান্ত নলেজ, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া প্রোডাক্ট ও সার্ভিস সংক্রান্ত। প্রতিটি পার্টে ২০ নম্বরের ২০টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং নেই। ন্যূনতম স্কোর করতে হবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা স্কোরিংয়ে ৫% নম্বরে ছাড় পাবেন। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : বাঁকুড়া, বীরভূম, মুর্শিদাবাদ, নদিয়া, পশ্চিম বর্ধমান, পূর্ব বর্ধমান, কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাড়োয়া, হুগলি, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, আলিপুরদুয়ার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, কোচবিহার, মালদা, উত্তর দিনাজপুর। লিখিত পরীক্ষায় সফল হলে স্থানীয় ভাষার পরীক্ষা, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। এরপর রাজ্যভিত্তিক তালিকা তৈরি হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://beep.bfsissc.com, www.unionbankofindia.bank.in, https://nats.education.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও আধার কার্ড, প্যান কার্ড, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ জেনারেল / ও.বি.সি. ছেলেদের বেলায় ৯৪৪ টাকা, জেনারেল / ও.বি.সি মহিলাদের বেলায় ৭০৮ টাকা, তপশিলী, প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডার হলে ২৩৬ টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

CACES
Rail, Bank
9062756906
9123325910
PSC, WBCS
Other
SUCCESS

স্টেনোগ্রাফি !
কেন্দ্রীয় সরকারের SSC-GR-D/C স্টেনোর বিজ্ঞপ্তি বেরিয়েছে। যোগ্যতা- HS, বয়স- ১৮-৩০, মাত্র ৩ মাসে শর্টহ্যান্ডে ১০০ স্পিড ! কোনো কমপিটিশান নেই এই পরীক্ষায়। ডাকযোগেও শিখুন। বালিগঞ্জ স্টেশন।
Pl. call before apply.
ECC : 9163538588

কর্মসংস্থান গোষ্ঠীর
WBCS সাফল্য
প্রিলিমিনারি
মে ২০২৬ • দাম ৪০ টাকা
রেল
গ্রুপ 'ডি'
NTPC
৭ কেন্দ্রীয় বাহিনী কনস্টেবল
৩২ পাতার
বিশেষ ক্রোড়পত্র

# মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে রাজ্য সরকারের গুরুত্বপূর্ণ পদে চাকরি পাবেন কীভাবে

*রাজ্য সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ দফতরের জন্য পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করল। প্রসঙ্গত উল্লেখ্য, এবছর ৪১ বছর বয়সী (বয়সের উর্ধ্বসীমা সাধারণত ৩৯ থাকে) ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন — যা এককথায় 'ওয়ান্স ইন এ লাইফটাইম' সুযোগ। এই সুযোগের সদ্ব্যবহার করতেই হবে। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়ে গেছে। আবেদনের শেষ তারিখ ২০ মে। রাজ্য সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ দফতরে অফিসার, ইন্সপেক্টর, এস.আই, কন্ট্রোলার, অডিটর ইত্যাদি প্রিমিয়ার পদের জন্য নেওয়া হয় এই পরীক্ষা। চাকরি প্রার্থীদের জন্য এ অত্যন্ত সুখবর। এই পরীক্ষার সিলেবাস, পরীক্ষার ধরন, প্রশ্নপত্রের বিন্যাস-সহ খুঁটিনাটি বিষয় নিয়ে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*


রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

পশ্চিমবঙ্গ সরকার বছরের বিভিন্ন সময় বিভিন্ন চাকরির পরীক্ষা নিয়ে থাকে। এই পরীক্ষাগুলির মধ্যে অন্যতম হল WBPSC Miscellaneous। সম্প্রতি এই চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদন করার প্রক্রিয়া শুরু হয়ে গেছে ও আবেদন করার শেষ তারিখ ২০ মে। সরকারি চাকরি পাওয়ার জন্য যারা অনেকদিন ধরে অনেক অধ্যবসায়ের মধ্যে দিয়ে নিজের স্বপ্নকে লালন করছেন তাদের কাছে এই পরীক্ষা একটি সুবর্ণ সুযোগ। পাবলিক সার্ভিস কমিশনের মিসলেনিয়াস পরীক্ষা হল রাজ্য স্তরের একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা। পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন যে সমস্ত পরীক্ষাগুলির পরিচালনার দায়িত্বে রয়েছে তার মধ্যে সবচেয়ে বড়ো পরীক্ষা হল WBCS, কিন্তু এই মিসলেনিয়াসও রাজ্যের কম গুরুত্বপূর্ণ পরীক্ষা নয়। এই পরীক্ষার মাধ্যমে রাজ্য সরকারের অধীনে থাকা বিভিন্ন দফতরে নিম্নলিখিত বিশেষ বিশেষ পদমর্যাদার আধিকারিক পদে প্রার্থীদের নিয়োগ করা হয়।

১.অ্যাসিস্ট্যান্ট চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসার ২.ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার, ব্লক ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার ৩.ব্লক ইয়ুথ অফিসার, মিউনিসিপাল ইয়ুথ অফিসার, ব্যুরো ইয়ুথ অফিসার ৪.ব্লক ওয়েলফেয়ার অফিসার, ওয়েলফেয়ার অফিসার ৫.ইনস্পেক্টর, ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার ৫.অ্যাসিস্ট্যান্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার ৬.অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার ৭.কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিসেস ৮.ইনস্পেক্টর অফ এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ৯.কাস্টমার ওয়েলফেয়ার অফিসার ১০.সেভিং ডেভেলপমেন্ট অফিসার ইত্যাদি মোট ১৮টি পদমর্যাদার চাকরি পাওয়া যায়।

**শিক্ষাগত যোগ্যতা :**

ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে পরিচালিত মিসলেনিয়াস পরীক্ষাটির জন্য যেকোনো বিষয়ে যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক হওয়া আবশ্যক। অর্থাৎ শুধুমাত্র স্নাতক উত্তীর্ণ হলেই এই পরীক্ষায় বসতে পারা যাবে।

**বয়সসীমা :**

সাধারণভাবে মিসলেনিয়াস পরীক্ষায় ন্যূনতম ২০ বছর থেকে সর্বোচ্চ ৩৯ বছর বয়স পর্যন্ত বসা যেতে পারে। তবে সংরক্ষিত শ্রেণির চাকরি প্রার্থীর ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসারে বয়সসীমার বিশেষ ছাড় রয়েছে।

**WBPSC Miscellaneous পরীক্ষার প্যাটার্ন :**

WBPSC পরীক্ষাটির মাধ্যমে নির্বাচন প্রক্রিয়া তিনটি ধাপে হয়ে থাকে। প্রিলিমস, মেইন্স ও ইন্টারভিউ। ধাপে ধাপে সমস্ত স্তর অতিক্রম করলে তবেই এই পরীক্ষার ভিত্তিতে নিয়োগ করা হয়। চলুন দেখে নিন প্রিলিমস ও মেইন্স পরীক্ষার প্যাটার্ন-

**প্রিলিমস এর বিষয় :**

জেনারেল নলেজ ৭৫ টি প্রশ্ন ১৫০ নম্বর
অ্যারিথমেটিক ২৫ টি প্রশ্ন ৫০ নম্বর, মোট ১০০টি প্রশ্ন ২০০ নম্বর।
সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

**মেইন্স পরীক্ষার কাঠামো :**

মোট ৩টি পেপার (প্রতিটিই লিখিত ডেসক্রিপটিভ) :
Paper I - ইংরিজি
Paper II - বাংলা/হিন্দি/ উর্দু/ নেপালি (যেকোনো একটি)
Paper III - জেনারেল নলেজ (১০০ নম্বর) ও পাটিগণিত (৫০ নম্বর)
প্রত্যেক পত্রে: ১৫০ নম্বর,
সময় ১ ঘন্টা ৩০ মিনিট (পেপার ১ ও ২)
২ ঘন্টা ৩০ মিনিট (পেপার ৩)

WBPSC Miscellaneous পরীক্ষাটির প্রিলিমস ও মেইন্স পরীক্ষার সিলেবাস আলাদা।

**প্রিলিমস সিলেবাস :**

জেনারেল নলেজের ক্ষেত্রে-
বিখ্যাত স্থান ও খবরের মানুষ ভারতীয় রাজনীতি ও সংবিধান ভারতীয় অর্থনীতি জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বের বর্তমান ঘটনা ভারতীয় ইতিহাস ভূগোল গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন ও ইভেন্ট ইত্যাদি।

অ্যারিথমেটিকের ক্ষেত্রে - লাভ ও ক্ষতি বয়সের ওপর সমস্যা গড় নৌকা ও স্রোত সময় আর দূরত্ব নম্বর সিস্টেম ডেটা ব্যাখ্যা শতাংশ সরল ও চক্রবৃদ্ধি সুদ অনুপাত আর অনুপাত সময় ও কাজ ল.সা.গু ও গ.সা.গু ইত্যাদি।

**মেইন্স পরীক্ষার সিলেবাস :**

পেপার ১: ইংরিজি (১৫০ নম্বর)
**প্রস্তুতি কৌশল:** Report (প্রতিবেদন)
Precis Writing (সারাংশ লেখা)
Translation (Bengali to English)
Grammar (Tense, Voice, Narration, Preposition, Article, Synonyms/Antonyms)
পেপার ২: বাংলা/অন্যান্য ভাষা (১৫০ নম্বর)
**প্রস্তুতি কৌশল:**
প্রতিবেদন : আধুনিক সমাজ, শিক্ষা, সংস্কৃতি ইত্যাদি
অনুবাদ: ইংরিজি থেকে বাংলায়
সারাংশ লেখা
রচনা বিশ্লেষণ, শব্দ ব্যবহার, ব্যাকরণ
পেপার ৩ : General Studies and Arithmetic (১৫০ নম্বর)
General Studies:
ভারত ও পশ্চিমবঙ্গের ইতিহাস, ভূগোল
সংবিধান ও প্রশাসন
অর্থনীতি, পরিবেশ, বিজ্ঞান
সাম্প্রতিক ঘটনা (Current Affairs)
Arithmetic: সংখ্যা পদ্ধতি, শতকরা, লাভ-ক্ষতি সময় ও দূরত্ব, লসাগু- গসাগু, গড় অনুপাত, সময় ও কাজ, সরল ও যৌগিক সুদ ইত্যাদি

**সফলতার কৌশল :** পিএসসি মিসলেনিয়াস প্রিলিমস পরীক্ষার প্রস্তুতির জন্য, পরীক্ষার্থীদের প্রথমে পরীক্ষার সিলেবাস ভালোভাবে দেখে নিতে হবে। এরপর, প্রতিটি বিষয়ের জন্য একটি উপযুক্ত স্টাডি প্ল্যান তৈরি করতে হবে ও সেই অনুযায়ী পড়াশোনা করতে হবে। নিয়মিত মক টেস্ট দেওয়া, আগের বছরের প্রশ্নপত্র সমাধান করা ও কারেন্ট অ্যাফেয়ার্স এর ওপর নজর রাখা অত্যন্ত জরুরি।

**এখানে কিছু গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করা হল:**

**সিলেবাস:** পিএসসি মিসলেনিয়াস প্রিলিমস পরীক্ষার সিলেবাস ভালোভাবে জেনে, কোন কোন বিষয়ে জোর দিতে হবে তা নির্ধারণ করুন।

**স্টাডি প্ল্যান:** একটি কার্যকরী স্টাডি প্ল্যান তৈরি করুন। প্রতিদিনের জন্য একটি নির্দিষ্ট সময়সূচী তৈরি করুন ও সেই অনুযায়ী পড়াশোনা করুন।

**বিষয়ভিত্তিক প্রস্তুতি:**

প্রতিটি বিষয়ের জন্য আলাদাভাবে প্রস্তুতি নিন। গণিত, সাধারণ জ্ঞান, কারেন্ট অ্যাফেয়ার্স ইত্যাদি বিষয়ের জন্য আলাদা বই ও স্টাডি মেটেরিয়াল ব্যবহার করুন।

**মক টেস্ট:** নিয়মিত মক টেস্ট দিন। এতে পরীক্ষার প্রস্তুতি যাচাই করা যাবে ও দুর্বলতাগুলি চিহ্নিত করে সেগুলির উন্নতি করা যাবে। সময়ের মধ্যে শেষ করতে পারছেন কিনা বোঝা যাবে।

**পূর্ববর্তী বছরের প্রশ্নপত্র:**

আগের বছরের প্রশ্নপত্রগুলি সমাধান করুন। এতে পরীক্ষার প্রশ্নপত্রের ধরন ও কোন কোন বিষয়ে বেশি জোর দেওয়া হয়েছে, তা সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

**কারেন্ট অ্যাফেয়ার্স:**

কারেন্ট অ্যাফেয়ার্স এর ওপর নিয়মিত নজর রাখুন। সাম্প্রতিক ঘটনা, জাতীয় ও আন্তর্জাতিক বিষয়, খেলাধুলা, অর্থনীতি ইত্যাদি বিষয়ে জ্ঞান রাখা দরকার।

রেল, ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 62921190230.

## ৪৬,৮৩২ AI বেসড গ্রাফিক্স ডিজাইনার

১ পাতার পর

কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/-- ১৫,০০০/- টাকা।

পদ : AI বেসড ওয়েব ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১৫,০০০/-- ১৮,০০০/- টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩১.০৫.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (জানুয়ারি-মার্চ) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৩৭,০০০ জনের নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **AI based Web Designer** ও **AI based Graphics Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX** ডিজাইনার লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং ও ওয়েব ডিজাইনিংয়ের ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। **শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে পারবেন।** সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই**, যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কন্টেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **AI বেসড ওয়েব ডিজাইনিং ও AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Frendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও যেমন, Shopify, Wix বা Webflow-র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ৪টি **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই ওয়েব ডিজাইনিং ও UI / UX ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX** ডিজাইনিং (শুরুতে মাইনে ১২,০০০/-- ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **ওয়েব ডিজাইনিং (UI / UX ডিজাইন সহ)** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ১৫,০০০/-- ১৮,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'ওয়েব ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েটপাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই AI বেসড ওয়েব ডিজাইনিং শিখতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রি ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **AI Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

# সাধারণ মধ্যবিত্ত পরিবার থেকে কীভাবে আমি ওয়েব ডিজাইনিংয়ে ঈর্ষনীয় মাইনের চাকরি পেলাম



অন্বেষা পন্ডিত
ওয়েব ডিজাইনার

পূর্ব মেদিনীপুরের এক সাধারণ মধ্যবিত্ত পরিবারের মেয়ে আমি। ২০২৩ সালে কলকাতার একটি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে আমি কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট হই। বেশিরভাগ ছেলেমেয়ের মতোই ক্যাম্পাসিংয়ে আমি চাকরি পাইনি। কারণ, সবাই 'এক্সপেরিয়েন্সড ক্যান্ডিডেট' চায়। তাই 'ফ্রেশার্স' হিসাবে কিছুতেই কোনো সুযোগ তৈরি হচ্ছিল না। চিন্তিত ছিলাম, কিন্তু হতাশ ছিলাম না। কারণ আমি জানতাম, চাকরি আছে, এবার দেখতে হবে আমার সেই যোগ্যতা আছে কিনা। তাই একটুও দমে না গিয়ে ২ বছর ধরে প্রত্যেক সপ্তাহে আমি **কর্মসংস্থান** কাগজটি বাড়িতে রাখতাম। পুরো কাগজটা গিলতাম। ওখানে দেখেই — অনেক সংস্থায় চাকরির জন্য আবেদন করেছিলাম। কিন্তু ঠিকঠাক মতো কিছুই 'ক্লিক' করছিল না। তারপর একদিন জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। যখন থেকে চাকরি খুঁজছি, তখন থেকেই আমি চাইছিলাম নিজের মতো করে কাজ করতে। আমার প্রায়োরিটি ছিল ভালো প্যাকেজের সাথে প্রথম সারির কোনো কোম্পানিতে কেরিয়ার শুরু করা। যা কিছুতেই হচ্ছিল না। কিন্তু চাকরি আমাকে পেতেই হত। কারণ পরিবারের আর্থিক অনটন। তাই যখন সাপ্তাহিক **কর্মসংস্থান** কাগজে ডিসান অ্যাকাডেমির কথা জানতে পারলাম, সরাসরি ওখানেই ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মতোই অনেককে ওখানে দেখে খুব অবাক হয়েছিলাম। ৬ থেকে ৯ মাসের মধ্যে কম্পিউটার সায়েন্স বা ইনফরমেশন টেকনোলজি নিয়ে যারা কেরিয়ার গড়তে চায়, তাদের জন্য একদম আদর্শ জায়গা। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। আমি জানতাম যেহেতু আমার বি.টেক ব্যাকগ্রাউন্ড, তাই আমার জন্য সেরা কোর্স হতে পারে 'ওয়েব ডিজাইনিং'। আরেকটা গুরুত্বপূর্ণ ব্যাপার হল ডিসানের প্রফেশনাল ও ট্রেইনড কাউন্সেলররা ৬ থেকে ৯ মাসের মধ্যে আমার স্বপ্নের আইটি ইন্ডাস্ট্রিতে ভালো মাইনের চাকরি কীভাবে পাব, তার একটা সুনির্দিষ্ট গাইডলাইন প্রথম দিনই সুন্দরভাবে বুঝিয়ে দিয়েছিলেন। ওঁনারা বলেছিলেন, আমার ডিগ্রি আছে কিন্তু ডিরেকশন নেই। আমি ওঁনাদের কথা মতো ৬ মাসের 'ওয়েব ডিজাইনিং' কোর্সে ভর্তি হই। এখানে মূলত HTML, Java Script, CSS, Bootstrap এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। এখনকার দিনে দাঁড়িয়ে আইটি ইন্ডাস্ট্রির অন্যতম গুরুত্বপূর্ণ কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা আর্নস্ট অ্যান্ড ইয়ং-এর মতে আগামী বছরের মধ্যে ওয়েব ডিজাইনিংয়ে চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১৮-২০ হাজার লোক লাগে) ৩৮% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি হবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এরা মডার্ন, ডায়নামিক ও স্কেলেবেল ওয়েব অ্যাপ্লিকেশন অত্যন্ত সুচারুভাবে নিমেষে তৈরি করে দিতে পারে — যা কোম্পানিকে তার প্রতিযোগীদের থেকে অনেকটাই এগিয়ে দেয়। তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। ডিসানে এই সব বিষয় সেরা ট্রেনিং দেওয়া হয়। গত বছরে আমার ট্রেনিং শেষ হয়। শেষ হওয়ার আগেই আমি একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। তখন থেকেই আমি মাসে রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পেতাম। ৬ মাস পর আমি কলকাতার একটি নামী সফটওয়্যার ডেভেলপিং সংস্থায় গ্রাফিক্স ডিজাইনার হিসাবে চাকরি পাই। এখন আমি বছরে একটি ভালো পে-প্যাকেজ পাই — যা ১ বছর আগেও আমি ভাবতে পারতাম না।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ থেকে ৯ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

# মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই/ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিলের মতো পেশাদার কোর্স পড়ানো হয় আর এইসব কোর্সের ভবিষ্যতই বা কেমন তা নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ, কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে মালদহেই 'ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে।

সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট এখন পুরোপুরি বদলাচ্ছে। সরকারি ও বেসরকারি কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স দেওয়া হবে এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও Appointment & Career News-এর উদ্যোগে ২৯ ও ৩০ মে, শুক্রবার ও শনিবার মালদহ জেলা শহরের সাহাপুরের লাগোয়া বি.এম. গ্র্যান্ড হোটেলে 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফীতে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দেওয়া হবে। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়, তার খোঁজখবর পাবেন। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এবার মালদহর ছেলেমেয়েদের জন্য 'দুয়ারে **কর্মসংস্থান**'। মেলায় 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টলে এসে যেকেউ চাকরির বিভিন্ন পরীক্ষা নিয়ে তাঁদের যাবতীয় প্রশ্নর উত্তর পাবেন সরাসরি।




গত সপ্তাহের পর

## একনজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১৮ ফেব্রুয়ারি : এই প্রথমবারের মতো বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ ও ব্যস্ততম বাণিজ্যিক জলপথ 'হরমুজ প্রণালী' সাময়িকভাবে বন্ধ করে দিল ইরান। চলমান লাইভ সামরিক মহড়ার অংশ হিসাবে অস্থায়ীভাবে প্রণালীটি বন্ধ করা হয়েছে। প্রতিরক্ষা সক্ষমতা যাচাই ও সামরিক প্রস্তুতি প্রদর্শনের উদ্দেশ্যেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। মহড়া শেষ হলেই আবার এটি খুলে দেওয়া হবে।

❑ চেন্নাইয়ের কাট্টুপল্লির 'লার্সেন অ্যান্ড টুব্রো'তে চালু হল ভারতীয় নৌবাহিনীর প্রথম দেশীয় ক্যাডেট প্রশিক্ষণ জাহাজ 'কৃষ্ণা'। চিফ অফ ডিফেন্স স্টাফ অনিল চৌহানের উপস্থিতিতে, এই জাহাজটি উদ্বোধন করেন তাঁর স্ত্রী অনুপমা চৌহান। দেশের তৃতীয় দীর্ঘতম নদী 'কৃষ্ণা'র সম্মানে এই জাহাজটির নামকরণ করা হয়েছে। ২০২৩ সালের ৭ মার্চ, কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রক ও 'মেসার্স লার্সেন অ্যান্ড টুব্রো শিপইয়ার্ড'এর মধ্যে ৩টি ক্যাডেট প্রশিক্ষণ জাহাজের চুক্তি স্বাক্ষরিত হয়, যার মধ্যে প্রথমটি এদিন উদ্বোধন করা হল। জাহাজগুলি দেশীয়ভাবে তৈরি হয়েছে। বাকি দু'টি জাহাজ এবছরের শেষের দিকে আনুষ্ঠানিকভাবে ভারতীয় নৌবাহিনীর কাছে হস্তান্তর করা হবে। জাহাজগুলি সমুদ্রে মহিলা-সহ অফিসার ক্যাডেট আর বন্ধুত্বপূর্ণ বিদেশি দেশগুলির ক্যাডেটদের প্রশিক্ষণ দেবে।

❑ তামিলনাড়ুর কোয়েম্বাটোরে, 'ভাব্য ভারত ভূষণ পুরস্কার' চালু করলেন 'ইশা ফাউন্ডেশন'এর প্রতিষ্ঠাতা তথা আধ্যাত্মিক নেতা সদগুরু জগ্গি বাসুদেব। জাতীয় নিরাপত্তা, বিজ্ঞান ও প্রযুক্তি, খেলাধুলা, শিল্পকলা, ব্যবসা, সাহিত্য ও সম্প্রদায়ের কল্যাণে অসামান্য অবদান রাখা ব্যক্তিত্বদের এই পুরস্কার দেওয়া হয়েছে। ভারতের অগ্রগতিতে উল্লেখযোগ্য অবদান রাখা ব্যক্তিদের দেওয়ার জন্য এটি একটি জাতীয় সম্মান। 'মহাশিবরাত্রি' উদযাপনের সময় কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এই পুরস্কার দিয়েছেন। পুরস্কার প্রাপকদের মধ্যে ছিলেন বিশিষ্ট বেহালাবাদক এন.রাজম, 'ইসরো'র প্রাক্তন চেয়ারম্যান এস.কিরণ কুমার।

❑ জাতীয় মহাসড়ক বরাবর প্রথম ধরনের 'মৌমাছি করিডোর' তৈরি করার উদ্যোগ নিল 'ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া'। এই উদ্যোগের অংশ হিসাবে, রাস্তার দু'পাশে বাহারি গাছের বদলে পরিবেশবান্ধব ও পরাগ সমৃদ্ধ গাছ (নিম, করঞ্জ, মহুয়া, পলাশ, বটল ব্রাশ, জামুন ও শিরিষ) লাগানো হবে, যাতে সারা বছর মৌমাছি ও অন্যান্য পরাগবাহী পতঙ্গদের জন্য ফুল ও পর্যাপ্ত মধু থাকে। প্রতি ৫০০ থেকে ১ কিলোমিটার অন্তর ফুল গাছের গুচ্ছ তৈরি করা হবে। এই কাজের জন্য প্রায় ৪০ লাখ গাছ রোপণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে, যার ৬০% এই করিডোর প্রকল্পের আওতায় থাকবে। ২০২৬-'২৭ সালের মধ্যে অন্তত ৩টি মৌমাছি করিডোর গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে।



এবছর চিনের তিয়ানজিনে, 'এশিয়ান ইন্ডোর অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের হেপ্টাথলনে সোনার পদক পেলেন ভারতের তেজস্বিন শঙ্কর। এটিই এই চ্যাম্পিয়নশিপে ভারতের একমাত্র সোনার পদক। ৫,৯৯৩ পয়েন্ট অর্জন করেন তিনি, যা একটি নতুন জাতীয় ইন্ডোর রেকর্ড। এই স্কোরটি ২০২১ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে তাঁর আগের সর্বোচ্চ ৫,৬৫০ পয়েন্টকে ছাপিয়ে গেছে।

❑ কমল চাওলা'কে ৬-৩ ব্যবধানে হারিয়ে, উদ্বোধনী 'লিবার উইন চ্যাম্পিয়ন্স কাপ' জিতলেন পঙ্কজ আদবানি।

১৯ ফেব্রুয়ারি : নয়াদিল্লিতে, প্রথম ইউরোপীয় লিগ্যাল গেটওয়ে অফিসের উদ্বোধন হল। এই অফিসের লক্ষ্য হল, ভারত আর ইউরোপীয় ইউনিয়নের মধ্যে সমন্বয় বাড়ানো, সহযোগিতা বাড়ানো আর আইনি বিষয়ে কৌশলগত অংশীদারিত্বকে এগিয়ে নিয়ে যাওয়া। এটি দুই পক্ষকেই পারস্পরিক বোঝাপড়া ও সমন্বয় জোরদার করতে সাহায্য করবে।

❑ এবছর নয়াদিল্লিতে 'ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিট' চলার সময় মাত্র ২৪ ঘন্টার মধ্যে সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থী অঙ্গীকার গ্রহণের মাধ্যমে একটি নতুন বিশ্ব রেকর্ড গড়ল ভারত। সামিট চলার সময় এই মহৎ উদ্দেশ্যে মোট ২.৫০,৯৪৬টি অঙ্গীকারপত্র জমা পড়েছে। 'ইন্ডিয়া এআই' আর 'ইন্টেল ইন্ডিয়া'এর যৌথ উদ্যোগে এই কর্মসূচি গ্রহণ করা হয়, যেখানে নাগরিকদের দায়িত্বশীলভাবে এআই ব্যবহারের অঙ্গীকার করতে উৎসাহিত করা হয়। এই কর্মসূচিতে সরকারের লক্ষ্য ছিল, ছাত্র, শিক্ষক ও শিক্ষাপ্রতিষ্ঠানকে যুক্ত করে এআই'কে সামাজিক কল্যাণের হাতিয়ার হিসাবে প্রতিষ্ঠা করা।



৫০ তম 'মাতৃশ্রী পুরস্কার'এ ভূষিত হলেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা। সমাজ ও জনসাধারণের জন্য তাঁর অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। ১৯৭৫ সালে 'পঞ্জাব কেশরী' পত্রিকার একজন প্রবীণ সাংবাদিক প্রয়াত দীনেশ শর্মা এই পুরস্কার চালু করেন। এই পুরস্কারের লক্ষ্য হল, সমাজ ও সাংবাদিকতার ক্ষেত্রে অসামান্য কাজ করা ব্যক্তিত্বদের সম্মানিত করা।

❑ মধ্য প্রদেশের 'কুনো জাতীয় উদ্যান'এ জন্ম নিল আরও তিন চিতাশাবক। ১ মাসের কিছু ব্যবধানে দু'টি চিতা সন্তানের জন্ম দিল, যা কুনো তথা দেশের ইতিহাসে প্রথম। এদিন 'কুনো জাতীয় উদ্যান'এ তিনটি সন্তানের জন্ম দিয়েছে দক্ষিণ আফ্রিকা থেকে আসা 'গামিনী'। এর আগে একবার 'গামিনী' দু'টি সন্তানের জন্ম দিয়েছিল। এর ফলে ভারতে জন্ম নেওয়া চিতার সংখ্যা বেড়ে হল ২৭ আর মোট চিতার সংখ্যা হল ৩৮।

❑ 'ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম'এর সঙ্গে ৫ বছরের একটি গুরুত্বপূর্ণ সমঝোতা চুক্তি স্বাক্ষর করল 'ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া'। এই চুক্তির আওতায়, বিশ্বব্যাপী ক্ষুধা মোকাবিলায় বার্ষিক ২ লাখ মেট্রিক টন চাল সরবরাহ করবে ভারত। কেন্দ্রীয় উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রক এই ঘোষণা করেছে। এই অংশীদারিত্বের লক্ষ্য হল, ঝুঁকিপূর্ণ অঞ্চলে ক্ষুধা ও অপুষ্টির বিরুদ্ধে লড়াই করা।

২০ ফেব্রুয়ারি : বিশিষ্ট বাঙালি সাহিত্যিক মণি শঙ্কর মুখোপাধ্যায় (৯৩ বছর) মারা গেলেন। পাঠকমহলে 'শঙ্কর' নামেই পরিচিত ছিলেন তিনি। 'চৌরঙ্গী' থেকে 'কত অজানারে', 'সীমাবদ্ধ' থেকে 'জন অরণ্য' — তাঁর কালজয়ী সৃষ্টিগুলি প্রজন্ম থেকে প্রজন্ম বাঙালি পাঠককে মুগ্ধ করেছে।

❑ ১৩ ফেব্রুয়ারি 'পিএম রাহাত' প্রকল্পের অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই প্রকল্পটির উদ্দেশ্য হল, অবিলম্বে চিকিৎসার অভাবে যেন কোনো প্রাণহানি না ঘটে। প্রকল্পটির অধীনে, দুর্ঘটনাগ্রস্ত ব্যক্তিরা সর্বোচ্চ ১.৫ লাখ টাকা পর্যন্ত ক্যাশলেস চিকিৎসা সুবিধা পাবেন।

❑ মধ্য প্রদেশের বালাঘাট জেলাকে বিশ্বের বৃহত্তম সমবায় শস্য সংরক্ষণ পরিকল্পনা'র অধীনে পাইলট জেলা হিসাবে নির্বাচন করা হয়েছে, যেখানে পারসওয়াদায় 'প্রাথমিক কৃষি ঋণ সমিতি'তে ৫০০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন একটি আধুনিক গুদাম তৈরি হয়েছে, যা ২৪ ফেব্রুয়ারি উদ্বোধন করেন নরেন্দ্র মোদী। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজ্যসভায় এই তথ্য জানিয়েছেন।

❑ ভারতের প্রথম গ্রাফিন নীতি অনুমোদন করল কেরলম সরকার, যা গ্রাফিনের গবেষণা, উন্নয়ন ও উৎপাদনের জন্য একটি বিশ্বব্যাপী কেন্দ্র হয়ে উঠবে। এজন্য প্রথম বড় পদক্ষেপ হিসাবে, ২০০ কোটি টাকা বিনিয়োগে একটি ডিজিটাল ইনোভেশন সেন্টারের সহায়তায়, পালাক্কাদে একটি গ্রাফিন শিল্প পার্ক তৈরির অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। এই পার্কগুলিতে উৎপাদন ইউনিট স্থাপনকারী কোম্পানিগুলিকে লিজ প্রদানের ওপর ৫০% ভরতুকি দেবে রাজ্য সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, গ্রাফিন হল এমন একটি উপাদান, যা গ্রাফাইট থেকে নিষ্কাশিত হয় ও এটি বিশুদ্ধ কার্বন দিয়ে তৈরি। ইলেক্ট্রনিক্স, ব্যাটারি, মহাকাশ, বায়োমেডিক্যাল ডিভাইস ও পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবস্থায় ব্যাপকভাবে ব্যবহৃত হয় গ্রাফিন।

❑ ভারতের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত ব্যাপক শিক্ষা মডেল হিসাবে 'সিএম শ্রী স্কুল' চালু করল দিল্লি সরকার। সরোজিনী নগরে, প্রথম এই স্কুলের উদ্বোধন করেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ও দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা। জাতীয় শিক্ষানীতি-২০২০'র সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এই উদ্যোগের লক্ষ্য হল, বিশেষভাবে অর্থনৈতিকভাবে দুর্বল ও মধ্যম আয়ের পরিবারের শিক্ষার্থীদের জন্য উচ্চমানের, প্রযুক্তি-সমন্বিত শিক্ষা প্রদান করা।

২১ ফেব্রুয়ারি : 'পঞ্জাব স্টেট পাওয়ার কর্পোরেশন লিমিটেড'এর প্রথম মহিলা ডিরেক্টর (বাণিজ্যিক) হিসাবে নিযুক্ত হলেন হর্ষরণ কৌর ত্রেহান।



'মাইক্রোসফট'এর গেমিং বিভাগ 'এক্সবক্স'এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় বংশোদ্ভূত আশা শর্মা।

❑ আন্ধ্রা প্রদেশের আনাকাপল্লি জেলার রামবিলিতে, ৮,১৭৫ কোটি টাকা বিনিয়োগে ভারতের বৃহত্তম লিথিয়াম-আয়ন ব্যাটারি গিগাফ্যাক্টরি স্থাপন করবে 'ওয়ারী এনার্জিস'। এটির উৎপাদন ক্ষমতা হবে ঘন্টায় ১৬ গিগাওয়াট, যেখানে প্রায় ৩,০০০ সরাসরি কর্মসংস্থান তৈরি হবে বলে মনে করা হচ্ছে।

❑ হিমাচল প্রদেশের কাসৌলিতে অবস্থিত 'সেন্ট্রাল রিসার্চ ইনস্টিটিউট'এ দেশীয়ভাবে তৈরি 'টিটেনাস ও অ্যাডাল্ট ডিপথেরিয়া' টিকার আনুষ্ঠানিক উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা, যা 'আত্মনির্ভর ভারত' ভাবনার প্রতিফলন। এই টিকাকে দেশের ইমিউনাইজেশন প্রোগ্রামের আওতায় সরবরাহ করা হবে। এপ্রিলের মধ্যে প্রায় ৫৫ লাখ ডোজ টিকা সরবরাহ করবে 'সেন্ট্রাল রিসার্চ ইনস্টিটিউট'। ভবিষ্যতে উৎপাদন আরও বাড়ানো হবে, যাতে সারা দেশে টিকাকরণ কর্মসূচি জোরদার করা যায়।

❑ ১ এপ্রিল থেকে দেশের সব জাতীয় সড়কে টোল সিস্টেম পুরোপুরি ডিজিটাল হয়ে গেছে। ওইদিন থেকে দেশের সব জাতীয় সড়কে আর নগদে লেনদেন হবে না। এবার থেকে ফাস্ট্যাগ বা ইউপিআই'এর মাধ্যমেই ডিজিটাল পেমেন্ট করতে হবে। এজন্য টোল প্লাজাগুলিতে ইলেক্ট্রনিক টোল কালেকশন ব্যবস্থা চালু করা হবে। এতে টোল প্লাজাগুলিতে ব্যস্ত সময়ে ভিড় কমবে, নগদে লেনদেনের ঝামেলাও থাকবে না আর যাতায়াত আরও সহজ হবে। দেশজুড়ে ১,১৫০টিরও বেশি জাতীয় সড়ক টোল প্লাজায় ডিজিটাল মাধ্যমে পেমেন্টের এই সুবিধা চালু হয়েছে।

❑ গোরখপুরে একটি আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম তৈরির জন্য, 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল উত্তর প্রদেশ সরকার। ৩৩৯ কোটি টাকা খরচে তৈরি হতে চলা এই প্রকল্পে 'ইন্ডিয়ান অয়েল'এর ৬০ কোটি টাকা অবদান রয়েছে। স্টেডিয়ামটির আসন ধারণক্ষমতা হবে ৩০,০০০ আর এখানে পিচ, প্র্যাকটিস এরিয়া, ফ্লাডলাইট ও উচ্চমানের পরিকাঠামোর মতো আধুনিক সুযোগসুবিধা থাকবে।

❑ এবছর নয়াদিল্লিতে 'ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিট'এ সর্বকনিষ্ঠ মূল বক্তার শিরোপা পেল ৮ বছর বয়সি রণবীর সচদেব। বিশ্বব্যাপী শীর্ষস্থানীয় প্রযুক্তিবিদ, বিনিয়োগকারী ও নীতিনির্ধারকদের মাধ্যমে বেষ্টিত এই সামিটে, রণবীর নিজেকে 'মনের দিক থেকে একজন প্রযুক্তিবিদ' হিসাবে বর্ণনা করে আর প্রাচীন ভারতীয় দর্শনকে আধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গে সংযুক্ত করার বিষয়ে তার ধারণা উপস্থাপন করে। রণবীর শুধু বক্তব্যই রাখেনি, 'গুগল'এর সিইও সুন্দর পিচাই আর 'ওপনএআই'এর সিইও স্যাম অল্টম্যানের সঙ্গে দেখাও করে সে। তার বার্তা ছিল সহজ, কিন্তু শক্তিশালী — কৃত্রিম বুদ্ধিমত্তা সবার জন্য তৈরি করা উচিত।

২২ ফেব্রুয়ারি : নিজেদের অপারেশন্স কন্ট্রোল সেন্টার'এর নতুন প্রধান হিসাবে ক্যাপ্টেন রোহিত রিখিয়ে'কে নিযুক্ত করল 'ইন্ডিগো'।

❑ দেশের সবথেকে দ্রুতগামী মেট্রোরেলের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উত্তর প্রদেশের মিরাট থেকে মোদীপুরম পর্যন্ত দেশের দ্রুতগামী মেট্রোয় সওয়ার হতে পারবেন যাত্রীরা। মিরাট মেট্রোর সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১২০ কিলোমিটার। এর ফলে দিল্লি ও মিরাটের মধ্যে ভ্রমণের সময় প্রায় ৫৫ মিনিট কম হবে বলে মনে করা হচ্ছে। মিরাট, গাজিয়াবাদ, নয়ডা, দিল্লি ও গুরুগ্রামের মধ্যে উন্নতমানের সংযোগ স্থাপনের জন্য এই মেট্রো চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও, এদিন ৮২ কিলোমিটার দীর্ঘ 'নমো ভারত' ট্রেন করিডরের অবশিষ্ট অংশেরও সূচনা করেন প্রধানমন্ত্রী। আরআরটিএস পদ্ধতিতে একই লাইনে ছুটবে মিরাট মেট্রো ও নমো ভারত ট্রেন। দিল্লি-গাজিয়াবাদ-মিরাট নমো ভারত করিডরটি দেশের প্রথম রিজিওন্যাল র‍্যাপিড ট্রানজিট সিস্টেম। এটি দিল্লির সরাই কালে খাঁ থেকে উত্তর প্রদেশের মোদীপুরম পর্যন্ত সংযোগ স্থাপন করেছে।



'সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়'এর সমাবর্তন অনুষ্ঠানে সাম্মানিক ডি.লিট উপাধি পেলেন কংগ্রেস সাংসদ ও লেখক শশী থারুর। জনসেবা ও প্রশাসনে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি।

❑ 'প্রোজেক্ট টাইগার'এর অধীনে, বন ও বন্যপ্রাণী সংরক্ষণে মহিলাদের ক্ষমতায়নের জন্য 'বনজীবী দিদি' উদ্যোগ চালু করল ঝাড়খণ্ডের 'পালামৌ টাইগার রিজার্ভ'। এই উদ্যোগের আওতায়, ১৭টি গ্রামের প্রতিটি থেকে ১৮ জন শিক্ষিত মহিলাকে বন দূত হিসাবে নির্বাচন করা হয়েছে, যাতে তাঁরা বন সচেতনতা ছড়িয়ে দিতে পারেন আর শিকার, বন ধ্বংস ও অবৈধ বন্যপ্রাণীমূলক কার্যকলাপ রোধ করতে পারেন।

২৩ ফেব্রুয়ারি : নেদারল্যান্ডসের সর্বকনিষ্ঠ (৩৮ বছর) ও প্রথম প্রকাশ্য সমকামী প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন রব জেটেন।

❑ পেরুর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন জোসে মারিয়া বালকাজার।

❑ বর্ষীয়ান রাজনীতিবিদ মুকুল রায় (৭২ বছর) মারা গেলেন। বাংলার রাজনীতির 'চাণক্য' বলা হত তাঁকে। রাজ্যসভার সাংসদ ছিলেন তিনি। এছাড়াও দেশের রেলমন্ত্রী ও জাহাজমন্ত্রীর দায়িত্বও সামলেছেন তিনি।

❑ 'আন্তর্জাতিক অলিম্পিক কমিটি' থেকে অবসর নিলেন ভারতীয় শ্যুটার অভিনব বিন্দ্রা। ২০১৮ সালে এই কমিটির অংশ হন তিনি। এবছর তাঁর কার্যকালের মেয়াদ শেষ হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০০৮ সালে 'বেজিং অলিম্পিক'এ ১০ মিটার শ্যুটিংয়ে ভারতের হয়ে প্রথম ব্যক্তিগত সোনার পদক পেয়েছিলেন তিনি।

❑ ভারতের প্রথম জাতীয় সন্ত্রাসদমন নীতি 'PRAHAAR' ঘোষণা করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এই নীতির লক্ষ্য হল, সন্ত্রাসবাদী তৎপরতা মোকাবিলায় গোয়েন্দা তথ্য সংগ্রহের মাধ্যমে প্রতিরোধ গড়ে তোলা, সুসংহত ও দ্রুত প্রতিক্রিয়া নিশ্চিত করা, প্রত্যাঘাতের সক্ষমতা বাড়ানো ও আইনের শাসন মেনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। 'PRAHAAR' নীতির ভিত্তি গড়ে উঠেছে সন্ত্রাসের শিকারদের পাশে দাঁড়ানোর প্রতিশ্রুতি ও হিংসা প্রতিরোধের ওপর।

❑ সর্বশেষ ওএজি তথ্য অনুসারে, ২০২৫ সালে এশিয়া প্যাসিফিক অঞ্চলের পঞ্চম ব্যস্ততম বিমানবন্দরের তকমা পেল দিল্লির 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'। বিমানবন্দরটিতে ৪৬.১৮ মিলিয়ন একমুখী আসন রেকর্ড করা হয়েছে, যা ২০১৯ সালে নবম স্থান থেকে দ্রুত বেড়েছে। যাত্রী সংখ্যার থেকে নির্ধারিত আসন ধারণক্ষমতার ওপর ভিত্তি করে এই র‍্যাঙ্কিং করা হয়েছে।

☛ এরপর ১২ পাতায়

# ডিজিটাল মার্কেটিংয়ে ৬৯,২১২ চাকরি

১ পাতার পর

মার্কেটিংয়ে দক্ষ-তাঁদেরকে। একই অবস্থা Infosys (শেষ ৩ মাসে এই বিভাগে ৫,০১২ জন), HCL (শেষ ৩ মাসে এই বিভাগে ৩,৭৮২ জন), TechMahindra (শেষ ৩ মাসে এই বিভাগে ২,০৩৮ জন) আর Wipro (শেষ ৩ মাসে এই বিভাগে ২,০২১ জন) -কে চাকরি দিয়েছে। এখানেই শেষ নয়। লেবার ওয়েলফেয়ার মিনিস্ট্রির গত ৩ মাসের ডেটাবেস অ্যানালিসিস করে দেখা গেছে দেশের প্রথম সারির ২০০টির ওপর আইটি ও সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে যে নিয়োগ হয়েছে তার প্রায় দ্বিগুণ নিয়োগ হবে সামনের ৬ থেকে ৯ মাসে। একথা নিশ্চিতভাবে বলা যায় যে এপ্রিল থেকে সেপ্টেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১০০টির ওপর আইটি কোম্পানিতে ৬৯,২১২ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.


এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

কেরিয়ার ফেয়ার

তারিখ : ২৯ ও ৩০ মে, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

সময় : সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

স্থান : বি.এম. গ্র্যান্ড হোটেল অ্যান্ড রিসোর্ট, সাহাপুর, মালদহ

Sponsored by :

NCSM

NATIONAL COMPUTER SAKSHARTA MISSION






বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

## জিজ্ঞাসা

**সাম্প্রতিক তথ্যে ভরা**

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

### স্বাস্থ্য দফতরের

■ *রাজ্য স্বাস্থ্য দফতরে ফার্মাসিস্ট নিয়োগ কীভাবে হয়? প্রার্থী বাছাই পদ্ধতি, শিক্ষাগত যোগ্যতা, বয়স ইত্যাদি জানাবেন। বিজ্ঞপ্তি কবে বেরোবে? প্রতি বছরই কি নিয়োগ হয়? — রাজীব বাউরি, বাঁকুড়া। শান্তনু নাথ, দিগনগর, নদিয়া।*

■■ রাজ্য স্বাস্থ্য দফতরে ফার্মাসিস্ট নিয়োগ করা হয় পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। শূন্যপদ তৈরি হলে বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হয়। ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক / বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ফার্মাসির ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হয় ২১ থেকে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা সরকারি নিয়মানুযায়ী ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা নেওয়া হয়। ১০০ নম্বরের পরীক্ষায় এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হয় ফার্মাসি সংক্রান্ত বিষয়ে। সফল হলে ইন্টারভিউ হয়। উচ্চমাধ্যমিকের জন্য থাকবে ২৫ নম্বর, ডিপ্লোমা বা, ডিগ্রি কোর্সের জন্য থাকবে ৫০ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ২ নম্বর, ইন্টারভিউয়ের জন্য থাকবে ১৫ নম্বর। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbhrb.in

### স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের ৮ বাহিনীর কনস্টেবল (জি.ডি.)'এর পরীক্ষা কবে হবে? — উজ্জ্বল শা, কোচবিহার।*

■■ ৮ বাহিনীর কনস্টেবল (জিডি) পদের পরীক্ষা হবে ৪টি সপ্তাহে। প্রথম ধাপের পরীক্ষা হবে ২৭ এপ্রিল থেকে ২ মে পর্যন্ত। দ্বিতীয় ধাপের পরীক্ষা হবে ৪ মে থেকে ৯ মে পর্যন্ত। তৃতীয় ধাপের পরীক্ষা হবে ১৮ মে থেকে ২৩ মে পর্যন্ত। চতুর্থ ধাপের পরীক্ষা হবে ২৫ মে থেকে ৩০ মে পর্যন্ত।

### পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে ওয়্যারলেস অপারেটর পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স কেমন লাগে? প্রার্থী বাছাই পদ্ধতি, সিলেবাস ইত্যাদি জানাবেন। — আলামিন বিশ্বাস, তেঁতুলবেড়িয়া, নাকাশিপাড়া, নদিয়া।*

■■ ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৬ কেজি। গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৫২ কেজি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি ও ওজন অন্তত ৪৮ কেজি। গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতি মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৫ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৪৫ কেজি। মূল মাইনে সরকারি নিয়মানুযায়ী। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডে। দরখাস্ত খুঁটিয়ে দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স -৪০ নম্বর, (খ) ম্যাথমেটিক্স -২০ নম্বর, (গ) দৈনন্দিন ফিজিক্যাল সায়েন্স ২০ নম্বর, (ঘ) লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং-২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে ইংরিজিতে।

এই পরীক্ষায় কোয়ালিফাই করলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ৩ মিনিটে ৮০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় ২ মিনিটে ৪০০ মিটার দৌড়। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে মেন পরীক্ষা।

৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের দু'টি পার্ট থাকবে। প্রথম পার্টে ৭০ নম্বরের ৭০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে ফিজিক্স ও অঙ্ক বিষয়ে। প্রশ্ন হবে ইংরিজিতে, উচ্চমাধ্যমিক মানের। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর বাদ যাবে। দ্বিতীয় পার্টে থাকবে ১৫ নম্বরের ল্যাঙ্গোয়েজ টেস্ট। এই টেস্টে ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করতে দেওয়া হবে। সময় থাকবে ৩০ মিনিট।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কলেজে সহকারী অধ্যাপক | মাস্টার ডিগ্রি | - | ১৫-৫-২৬ | www.wbcsconline.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে-১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| ITBP-তে ট্রেডসম্যান দরখাস্ত নেওয়া শুরু | ITI বি.এড | ১০ | ২১-৫-২৬ | www.recruitment.itbpolice.nic.in |
| বাদমল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার | আই.টি.আই. | ৮০ | ১৬-৬-২৬ | https://munitionsindia.co.in |
| অসম রাইফেলসে রাইফেলম্যান | মাধ্যমিক | ৯৫ | ১১-৫-২৬ | www.assamrifles.gov.in |
| সরকারি প্রেসে টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট, ITI | ৪৩১ | ১৩-৫-২৬ | https://cnpnashik.spmcil.com |
| কোলফিল্ডে সার্ভেয়র | মাধ্যমিক, ডিপ্লোমা | ১,০৫৫ | ১৪-৫-২৬ | https://secl-cil.in |
| CRPF-এ কনস্টেবল ট্রেডসম্যান | মাধ্যমিক ITI | ৯,১৭৫ | ১৯-৫-২৬ | www.rect.crpf.gov.in |
| BRO-তে অপারেটর, স্টোরকীপার, ড্রাফ্টসম্যান | উচ্চমাধ্যমিক | ৮৮৯ | - | www.bro.gov.in |
| Power Grid Corp-এ ডিপ্লোমা ট্রেনি | ডিপ্লোমা ও আই.টি.আই. | ৬৬৮ | ১১-৫-২৬ | www.powergrid.in |
| পটনা হাই কোর্টে কম্পিউটার অপারেটর | গ্র্যাজুয়েট | ৪৭ | ১৬-৫-২৬ | https://patnahighcourt.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু | গ্র্যাজুয়েট | - | ২০-৫-২৬ | www.pscwbapplication.in |
| কেন্দ্রীয় সংস্থায় স্টেনোগ্রাফার | উচ্চমাধ্যমিক | ৭৩১ | ১৫-৫-২৬ | www.ssc.gov.in |
| কেন্দ্রীয় সংস্থায় জুনিয়র ট্রান্সলেটর | মাস্টার ডিগ্রি | ৮৪ | ১৪-৫-২৬ | www.ssc.gov.in |

### রেলে চাকরির

■ *রেলের আর.পি.এফ.'এর কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? মেয়েদের বেলায় শরীরের মাপজোখ কেমন থাকা দরকার? শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী থাকে? —দিব্যা দেবনাথ, নবদ্বীপ, নদিয়া। প্রিয়াঙ্কা দাস, সন্দেশখালী, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ আর.পি.এফ.'এ কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর বেরোতে পারে। তবে কবে বেরোবে তা এখনো ঠিক হয়নি। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মী আর বিধবা-বিবাহবিচ্ছিন্না মহিলারা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি., বুকের ছাতি না-ফুলিয়ে অন্তত ৮০ সেমি. আর ফুলিয়ে ৮৫ সেমি. ও ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তপশিলীরা লম্বায় ৫ সেমি., বুকের ছাতিতে ৩.৮ সেমি. ছাড় পাবেন। গোর্খা হলে লম্বায় ২ সেমি ছাড় পাবেন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (তঃজাঃ ও তঃউঃজাঃ হলে ১৫২, গোর্খা হলে ১৫৫) সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট হবে। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। লিখিত পরীক্ষায় ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫টি প্রশ্ন, (২) অ্যারিথমেটিক - ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় জেনারেল, ও.বি.সি. প্রার্থীরা ৪২ নম্বর আর তপশিলীরা ৩৬ নম্বর পেলে সফল হবেন। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে এইসব বিষয় : (১) ৫ মিনিট ৪৫ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়, (২) ৪ ফুট হাই-জাম্প, (৩) ১৪ ফুট লং জাম্প।

মহিলাদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ৩ মিনিট ৪০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, (২) ৩ ফুট হাই জাম্প, (৩) ৯ ফুট লং জাম্প। দৌড়ে একবার করে সুযোগ পাবেন। পরের ২ ইভেন্টে ২ বার করে সুযোগ পাবেন। সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন।

### পি.এস.সি.'র

■ *আই.টি.আই.'এর ইন্সট্রাক্টর পদের বেলায় বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। ওয়েল্ডার ট্রেডে আই.টি.আই. করেছি ও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংও করেছি। —আক্তার আনসারী, মাকড়কা, পানিপাথর, কেন্দা, পুরুলিয়া।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের টেকনিক্যাল এডুকেশনের অধীন সরকারি আই.টি.আই.'তে ইন্সট্রাক্টর বা, ক্র্যাফট ইন্সট্রাক্টর পদে লোক নিয়োগ করা হয়। আই.টি.আই. পাশ, ডিপ্লোমা পাশ কিংবা বি.ই. / বি.টেক. পাশরা যোগ্য। ক্র্যাফট ইন্সট্রাক্টর ট্রেনিং স্কিমের সার্টিফিকেট থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৩৫,০০০-৫০,০০০ টাকা। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন কিংবা ডিরেক্টরেট অফ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং, ওয়েস্ট বেঙ্গল। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেওয়া হয় এম.সি.কিউ টাইপের। ১০০-১৫০টি প্রশ্ন হয় এইসব বিষয়ে : আই.টি.আই. সংক্রান্ত প্রশ্ন, জেনারেল নলেজ ও রিজনিং। সফল হলে ইন্টারভিউ।

■ *মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে যে চাকরি হয়, সেটি স্থায়ী চাকরি না অস্থায়ী চাকরি? — অমিত চক্রবর্তী, নিমাই, মাটিগাড়া, শিলিগুড়ি।*

■■ শুরুতে অস্থায়ী হিসাবে নিলেও এটি স্থায়ী চাকরি।

■ *পি.এস.সি. ক্লার্কশিপ মেনস দিয়েছি গত বছর ২৮ ডিসেম্বর। ফল কবে বেরোবে? — ইশানী হালদার, নবগ্রাম, কোন্নগর, হুগলি।*

■■ জুন মাস নাগাদ ফল বেরোনোর সম্ভাবনা আছে।

### স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিসের আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? এবছর বেরোবে? — মৃনাল রায়, উল্লাডাবরী, ময়নাগুড়ি, জলপাইগুড়ি।*

■■ আপাতত বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ৩০ মে পর্যন্ত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |
| রেলের NTPC (UG) CBT-1 পরীক্ষা | ৭ মে থেকে ২১ জুন | www.rrbapply.gov.in |

# রেলের এন.টি.পি.সি

1. প্রথম ভারতীয় হিসাবে 'মিস এশিয়া প্যাসিফিক' জেতেন কে?
(A) লারা দত্ত (B) সুস্মিতা সেন (C) জিনাত আমন (D) ঐশ্বর্যা রাই
2. 'জাসিন' ভারতের কোন রাজ্যের লোকনাট্য?
(A) কেরলম (B) কাশ্মীর (C) গোয়া (D) রাজস্থান
3. সরকারি ভাষা আইন কবে প্রণীত হয়?
(A) 1960 (B) 1963 (C) 1965 (D) 1973
4. জাতীয় মহিলা কমিশনের প্রথম সভাপতি কে ছিলেন?
(A) গিরিজা ব্যাস (B) জয়ন্তী পট্টনায়ক (C) পূর্ণিমা আদবানি (D) ললিতা কুমারমঙ্গলম
5. ভূমি রাজস্ব কোন সরকারি সংস্থা আদায় করে?
(A) জেলা পরিষদ (B) পঞ্চায়েত সমিতি (C) গ্রাম পঞ্চায়েত (D) পুরসভা
6. কোন দেশের আইনসভা জরুরিকালীন বা, আপৎকালীন অবস্থাতেও মৌলিক অধিকারগুলির কোনো পরিবর্তন করতে পারে না?
(A) ভারত (B) যুক্তরাজ্য (C) মার্কিন যুক্তরাষ্ট্র (D) কানাডা
7. MAB-এর পূর্ণ নাম কী?
(A) ম্যান অ্যান্ড বায়োসিস্টেম প্রোগ্রাম (B) ম্যান অ্যান্ড বায়োস্ফিয়ার প্রোগ্রাম (C) ম্যান অ্যান্ড বায়োস্ফিয়ার প্ল্যানিং (D) ম্যান অ্যান্ড বায়োস্ফিয়ারিক প্রোগ্রাম
8. একটি বিশুদ্ধ লম্বা মটর গাছের জিনোটাইপ কী?
(A) Tt (B) tt (C) TT (D) TTt
9. নীচের কোন নদীটি অনুগামী নদী নয়?
(A) কাবেরী (B) কৃষ্ণা (C) নর্মদা (D) গোদাবরী
10. দাক্ষিণাত্যের মালভূমি কোন শিলা দিয়ে গঠিত?
(A) ব্যাসল্ট (B) গ্রানাইট (C) চুনাপাথর (D) বেলেপাথর
11. 'সুবনসিড়ি নদী প্রকল্প' ভারতের কোন রাজ্যে আছে?
(A) অসম (B) মেঘালয় (C) অরুণাচল প্রদেশ (D) ত্রিপুরা
12. 'গাদ্দি' উপজাতির লোক বসবাস করে ভারতের কোন রাজ্যে?
(A) উত্তর প্রদেশ (B) বিহার (C) হিমাচল প্রদেশ (D) অরুণাচল প্রদেশ
13. ভারত মহাসাগর কতগুলি দেশ দিয়ে পরিবেষ্টিত?
(A) 44টি (B) 45টি (C) 46টি (D) 47টি
14. কোন সুলতান উজ্জয়িনীর মহাকাল মন্দির ধ্বংস করেছিলেন?
(A) কুতুব-উদ-দীন আইবক (B) সুলতান মামুদ (C) মহম্মদ ঘোরী (D) ইলতুৎমিস
15. মথুরা স্তম্ভলেখতে কোন গুপ্ত রাজার সম্পর্কে বলা হয়েছে?
(A) সমুদ্রগুপ্ত (B) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (C) কুমারগুপ্ত (D) স্কন্দগুপ্ত
16. কালিদাসের লেখা 'মেঘদূতম' কোন ছন্দে রচিত?
(A) কাব্যিক (B) ধ্রুপদী (C) মৈথিলী (D) মন্দাক্রান্তা
17. অ্যালবার্ট এডওয়ার্ড কবে ভারতে আসেন?
(A) 1875 (B) 1876 (C) 1881 (D) 1889
18. 'জমায়েত উল উলেমা' প্রধান কে ছিলেন?
(A) মৌলানা আবুল কালাম আজাদ (B) সৈয়দ আহমেদ খান (C) মদনলাল ধিংড়া (D) লালা হরদয়াল
19. লোকসভার মোট আসন সংখ্যা কত?
(A) 251 (B) 550 (C) 546 (D) 552
20. পঞ্জাব রাজ্যে দীর্ঘতম সময় রাষ্ট্রপতি শাসন জারি থাকার সময়কাল ছিল —
(A) 1987-1992 (B) 1986-1991 (C) 1985-1990 (D) 1988-1992
21. কার রাজত্বকালে 'জবতী' ভূমি ব্যবস্থার প্রচলন হয়?
(A) আলা-উদ-দীন খলজী (B) শেরশাহ (C) আকবর (D) শাহজাহান
22. 'ছরবা' কোন রাজ্যের লোকনৃত্য?
(A) রাজস্থান (B) গোয়া (C) হিমাচল প্রদেশ (D) মধ্য প্রদেশ
23. কোনটি উত্তর-পূর্ব ভারতের উপজাতি?
(A) ওঁরাও (B) চেঞ্চু (C) অঙ্গামি (D) ইরুলা
24. ভারতীয় সংবিধানের কোন ধারায় একটি সমনীতিভিত্তিক সিভিল কোড প্রণয়নের কথা বলা হয়েছে?
(A) 41 নং ধারা (B) 42 নং ধারা (C) 43 নং ধারা (D) 44 নং ধারা
25. পশ্চিমবঙ্গে 'পুলিশ দিবস' পালন করা হয় কবে?
(A) 1 সেপ্টেম্বর (B) 2 সেপ্টেম্বর (C) 9 সেপ্টেম্বর (D) 11 সেপ্টেম্বর
26. এবছর 'জাতীয় আরোগ্য মেলা' আয়োজিত হয় শেগাঁও নামক এক জায়গায়। এই শেগাঁও ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) পশ্চিমবঙ্গ (B) মহারাষ্ট্র (C) ওড়িশা (D) উত্তর প্রদেশ
27. কোন রাজ্যে ভারতের প্রথম স্টেট ইনোভেশন মিশন চালু করল 'অটল ইনোভেশন মিশন'?
(A) মহারাষ্ট্র (B) উত্তর প্রদেশ (C) ত্রিপুরা (D) গুজরাত
28. 'Samudra Pratap' নামে ভারতের প্রথম দেশীয় দূষণ নিয়ন্ত্রণ জাহাজ চালু হয়েছে কোন রাজ্যে?
(A) অসম (B) গোয়া (C) বিহার (D) ঝাড়খণ্ড

## RAIL Exam

# রেলের NTPC



ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Under Graduate – Advt. No. 7/2025) উচ্চমাধ্যমিক যোগ্যতায় কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ৩,০৫০টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (CBT-I) হবে ৭, ৮ ও ৯ মে, ১৩ ও ১৪ জুন আর ১৬ থেকে ২১ জুন। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে :(১) অঙ্ক - ৩০ নম্বর, (২) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন কেএমডিএ (হিট উইং)-র আধিকারিক কমলেন্দু দাস।

29. ভারতীয় মহিলা হিসাবে নর্থ চ্যানেল পার করলেন কে?
(A) রিচা মিশ্র (B) আরতি সাহা (C) সুমা রাও (D) সায়নী দাস
30. এবছর 'ওয়ার্ল্ড ওবেসিটি ফেডারেশন'এর তরফ থেকে প্রকাশিত ওয়ার্ল্ড ওবেসিটি অ্যাটলাস অনুসারে শৈশবকালীন স্থূলতার ক্ষেত্রে সারা বিশ্বে ভারতের স্থান কত?
(A) প্রথম (B) দ্বিতীয় (C) তৃতীয় (D) চতুর্থ
31. রাজ্যের আইনসভার ওপরের কক্ষটির নাম কী?
(A) লোকসভা (B) বিধানসভা (C) রাজ্যসভা (D) বিধান পরিষদ
32. 'সো মোরিরি' হ্রদটি কোথায় অবস্থিত?
(A) কেরলম (B) লাদাখ (C) হিমাচল প্রদেশ (D) জম্মু ও কাশ্মীর
33. পশ্চিম মেদিনীপুর জেলার বিধানসভার আসন সংখ্যা কত?
(A) 15 (B) 10 (C) 21 (D) 17
34. PCA-র পুরো নাম কী?
(A) Public Current Account (B) Principles of Corporats Account (C) Prampt Corrective Action (D) Public Channel Agency
35. কেন্দ্রীয় সরকারের উন্নয়ন ব্যয়ের মধ্যে অন্তর্ভুক্ত নয় —
(A) প্রতিরক্ষা ব্যয় (B) অর্থনৈতিক সার্ভিসেস ব্যয় (C) সামাজিক ও নাগরিক সেবা খাতে ব্যয় (D) রাজ্যকে দেওয়া অনুদান
36. এবছর 'বিশ্ব সুখ প্রতিবেদন'এ ভারতের স্থান কত?
(A) ৮৪ (B) ৯২ (C) ১১৬ (D) ১২৯
37. সম্প্রতি ভারতের কোন রাজ্য নকশালমুক্ত হিসাবে ঘোষিত হল?
(A) ওড়িশা (B) ঝাড়খণ্ড (C) বিহার (D) পশ্চিমবঙ্গ
38. মেলাটোনিন হরমোন কোন গ্রন্থি থেকে ক্ষরিত হয়?
(A) অগ্ন্যাশয় (B) অ্যাড্রিনাল (C) পিনিয়াল (D) কোনোটিই নয়
39. 'কেমোথেরাপি'র আবিষ্কারক কে?
(A) হ্যানসেন (B) প্যারাসেলসাস (C) ড্রেসের (D) জন শ
40. নীচের কোনটি ওয়েব সার্চ ইঞ্জিন?
(A) Allweb (B) Jughead (C) Baidu (D) সবগুলি


নির্দেশ (প্রশ্ন 41-43) : *নীচের প্রশ্নগুলিতে সঠিক সম্পর্কিত বিকল্পটি নির্বাচন করুন।*

41. SHOE : NCJZ : : REWA : ?
(A) MZRV (B) CAAR (C) WJBF (D) CITY
42. গহনা : সোনা : : আসবাবপত্র : ?
(A) কাঠ (B) রঙ (C) টেবিল (D) গাছ
43. লেখক : উপন্যাস : : কোরিওগ্রাফার : ?
(A) মেক-আপ (B) নাচ (C) সুর (D) ছবি


নির্দেশ (প্রশ্ন 44-46) : *নীচের সারিতে লুপ্ত অক্ষর/সংখ্যা নির্বাচন করুন।*


44. SCD, TEF, UGH, ?, WKL
(A) VIJ (B) VJI (C) CMN (D) UJI
45. 3463 (2218) 1245
5324 (?) 3626
(A) 1698 (B) 1592 (C) 2312 (D) 1142
46. 69, 72, 78, 87, ?, 114
(A) 111 (B) 99 (C) 93 (D) 96
47. দু'টি গাড়ি একই স্থান থেকে একই সময়ে যাত্রা শুরু করল, একটি গাড়ি 20 কিলোমিটার/ঘণ্টা উত্তরদিকে ও অন্যটি 15 কিলোমিটার/ঘণ্টা পূর্বদিকে 2 ঘণ্টা যাত্রা করার পর তাদের পরস্পরের মধ্যে দূরত্ব কত হবে?
(A) 25 কিলোমিটার (B) 50 কিলোমিটার (C) 70 কিলোমিটার (D) 10 কিলোমিটার
48. প্রকাশ যাত্রা শুরু করে 6 কিলোমিটার উত্তরদিকে গেল, তারপর সে বামদিকে ঘুরে আরও 4 কিলোমিটার যাত্রা করলো, তারপর আবারও বামদিকে ঘুরে 6 কিলোমিটার গেল, তাহলে প্রকাশ শুরুর বিন্দু থেকে এখন কত দূরত্বে আছে?
(A) 6 কিলোমিটার (B) 4 কিলোমিটার (C) 10 কিলোমিটার (D) 8 কিলোমিটার
49. যদি DREAM = 78026 ও CHILD = 53417 হয়, তবে LEADER = ?
(A) 102087 (B) 102780 (C) 102078 (D) 102708
50. একটি নির্দিষ্ট কোডে যদি MADRAS-কে লেখা হয় DAMSAR, তবে MUMBAI-কে কী লেখা হবে?
(A) IABMUM (B) MBIAUM (C) BAIUMM (D) MUMIAB
51. প্রদত্ত শব্দটির অক্ষরগুলি দিয়ে নীচের কোন বিকল্পটি গঠন করা যাবে না?
ANNIVERSARY
(A) YARN (B) VERY (C) SAVE (D) VIEW
52. কতজন মানুষ কোনো খেলার সঙ্গেই যুক্ত নয় নির্ণয় করুন —



# রেলের এন.টি.পি.সি




(A) 18 (B) 15 (C) 9 (D) 24
53. নীচের চিত্রটিতে কতগুলি ত্রিভুজ আছে?



(A) 12 (B) 18 (C) 22 (D) 26
54. নীচের প্রশ্নটিতে দেওয়া বিষয়গুলির মধ্যে সঠিক সম্পর্ক নির্দেশ করছে কোন চিত্রটি বিকল্প থেকে চিহ্নিত করুন।
মানুষ, পণ্ডিত, ভারতীয়
(A)

(B)

(C)

(D)


55. গতকালের থেকে 7 দিন আগে শুক্রবার হলে আগামীকালের থেকে 5 দিন পরে কী বার হবে?
(A) বৃহস্পতিবার (B) শুক্রবার (C) শনিবার (D) সোমবার
56. একটি সারিতে আকাশ বামদিক থেকে 19 নং স্থানে আছে ও তীর্থ ডানদিক থেকে 8 নং স্থানে আছে। তাদের মাঝে 5 জন বালক আছে। সারিতে সর্বনিম্ন কতজন বালক আছে?
(A) 20 (B) 21 (C) 19 (D) 33
57. একজন মহিলা একজন পুরুষকে দেখিয়ে বললেন, 'সে হয় আমার কাকার মেয়ের একমাত্র ভাই', পুরুষটি মহিলার কে হবেন?
(A) পুত্র (B) ভাই (C) ভাইপো (D) কাকাতুতো ভাই
58. একজন ছেলে দক্ষিণদিকে 30 মিটার হাঁটল। তারপর, ডানদিক ঘুরে সে 30 মিটার হাঁটল। তারপর বামদিকে ঘুরে 20 মিটার হাঁটল। আবার সে বামদিকে ঘুরল ও 30 মিটার হাঁটল। তার শুরুর বিন্দু থেকে সে এখন কতদূরে আছে?
(A) 40 মিটার (B) 30 মিটার (C) 60 মিটার (D) 50 মিটার
59. BACKIASH শব্দটিতে এমন কতগুলি বর্ণ আছে যেগুলির অবস্থান শব্দটিতে ও ইংরিজি বর্ণমালায় একই হবে?
(A) 1 (B) 2 (C) 3 (D) 3-এর বেশি
60. বিকল্প থেকে লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন।

| | | |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 11 | 7 | 5 |
| 120 | 45 | ? |

(A) 15 (B) 16 (C) 17 (D) 18
61. যদি একটি নির্দিষ্ট কোডে, TRADE-র কোড UQBCF হয়, তাহলে PLATE-র কোড কী হবে?
(A) QKBSF (B) QKBUF (C) OMZUD (D) QMBUF

নির্দেশ (প্রশ্ন 62-63) : *নীচের প্রশ্নগুলিতে চারটি বিকল্পের মধ্যে কোনটি বিসদৃশ?*

62. (A) ইয়েন (B) লিরা (C) ডলার (D) আউন্স
63. (A) কোণার্ক (B) মাদুরাই (C) ইলোরা (D) খাজুরাহো

নির্দেশ (প্রশ্ন 64-65) : *বিকল্পগুলি থেকে সঠিক সম্পর্কযুক্ত শব্দটি নির্বাচন করুন।*

64. দুর্ঘটনা : সাবধানতা : : রোগ : ?
(A) শৌচ (B) চিকিৎসা (C) ওষুধ (D) ডাক্তার
65. পূর্বাভাস : ভবিষ্যৎ : : অনুতাপ : ?
(A) বর্তমান (B) পুণ্য (C) অতীত (D) পাপ
66. নীচের শব্দগুলিকে ইংরিজি শব্দভাণ্ডার অনুযায়ী সাজালে কোন শব্দটি তৃতীয় হবে নির্ণয় করুন।
(A) Abdomen (B) Academy (C) Affection (D) Attempt
67. নীচের প্রশ্নচিত্রে দেওয়া বিকল্পগুলির মধ্যে সঠিক বিকল্পটি নির্বাচন করুন। যার মাধ্যমে শূন্যস্থানটি সঠিকভাবে পূরণ করা সম্ভব।

# রেলের এন.টি.পি.সি

bca_b_aabc_a_caa.

(A) acab (B) bcbb (C) cbab (D) ccab

**68.** যদি 'blue'-র মানে হয় 'green', 'green'-র মানে হয় 'white', 'white'-র মানে হয় 'yellow', 'yellow'-র মানে হয় 'black', 'black'-র মানে হয় 'red' ও 'red'-র মানে হয় 'brown'. তাহলে, দুধের রং কী?

(A) blue (B) black (C) yellow (D) green

**69.** একটি নির্দিষ্ট ভাষায় 'put tir fin'-র মানে 'delicious juicy fruit', 'tie dip sig'-র মানে 'beautiful white lily' ও 'sig lon fin'-র মানে 'lily and fruit', ওই ভাষায় কোন শব্দটি 'and'-র কোড?

(A) lon (B) sig (C) fin (D) কোনোটিই নয়

**70.** লুপ্ত সংখ্যাটি নির্বাচন করুন—

1, 1, 2, 6, 24, ?, 720

(A) 100 (B) 104 (C) 108 (D) 120

**71.** $(2x-3y):(5x-2y)=1:19$ হলে, $(2x+3y):(3x-2y)$ = কত?

(A) 1 : 19 (B) 19 : 1 (C) 19 : 9 (D) 9 : 19

**72.** 17টি বল 720 টাকায় বিক্রি করার জন্য যে পরিমাণ ক্ষতি হয়, সেটি 5টি বলের ক্রয়মূল্যের সমান। এক একটি বলের ক্রয়মূল্য কত?

(A) 50 টাকা (B) 45 টাকা (C) 55 টাকা (D) 60 টাকা

**73.** একজন চা ব্যবসায়ী 120 টাকা/কিলোগ্রাম দরে অসম চা-এর সঙ্গে 210 টাকা/কিলোগ্রাম দরে দার্জিলিং চা মিশ্রিত করে 161 টাকা/কিলোগ্রাম দরে বিক্রি করলে তার 15% লাভ হয়। মিশ্রণে দু'রকম চা-এর অনুপাত কত?

(A) 2 : 5 (B) 5 : 2 (C) 7 : 2 (D) 2 : 7

**74.** $\frac{(2+\sqrt{2})}{\sqrt{2}-1}$ সংখ্যাটি হল—

(A) মূলদ সংখ্যা (B) অমূলদ সংখ্যা (C) পূর্ণসংখ্যা (D) কোনোটিই নয়

**75.** এক ব্যক্তি আপেল ও কমলালেবু মিলে 40টি ফল 17 টাকায় কিনল। যদি তিনি কমলালেবুর সমান সংখ্যক আপেল ও আপেলের সমান সংখ্যক কমলালেবু কিনতেন, তাহলে তাকে 15 টাকা দিতে হত। একটি আপেল ও একটি কমলালেবুর মোট মূল্য কত?

(A) 60 পয়সা (B) 70 পয়সা (C) 80 পয়সা (D) 1 টাকা

**76.** একটি ট্রেন কিছু যাত্রী নিয়ে যাত্রা শুরু করল। প্রথম স্টপেজে অর্ধেক যাত্রী নেমে গেল ও 125 জন উঠল। দ্বিতীয় স্টপেজে অর্ধেক যাত্রী নেমে গেল ও 100 জন উঠল। এরপর ট্রেনটি 250 জন যাত্রী নিয়ে গন্তব্যের দিকে রওনা দিল। ট্রেনটিতে শুরুতে কতজন যাত্রী ছিল?

(A) 250 (B) 350 (C) 450 (D) 550

**77.** একটি লাইব্রেরিতে রবিবার করে পাঠক হয় গড়ে 510 জন ও সপ্তাহের অন্যান্য দিনে তা হয় 240 জন। 30 দিনের মাসে, যা রবিবার দিয়ে শুরু হয়, প্রতিদিন গড় পাঠক সংখ্যা হল —

(A) 250 (B) 276 (C) 280 (D) 285

**78.** একটি শ্রেণিতে কিছু ছাত্রদের মধ্যে বিনামূল্যে বই বিতরণ করা হয়েছিল। প্রতিটি ছাত্রের প্রাপ্ত বইয়ের সংখ্যা, ছাত্র সংখ্যা এক অষ্টমাংশ। ছাত্র সংখ্যা অর্ধেক হলে, প্রতিটি ছাত্র 16টি বই পেত। মোট কতগুলি বই বিতরণ করা হয়েছিল?

(A) 256 (B) 432 (C) 512 (D) 640

**79.** দু'টি পূর্ণ সংখ্যার গুণফল 37, তাদের পার্থক্যের বর্গমূল নির্ণয় করুন।

(A) 4.5 (B) 6 (C) 7.5 (D) 8

**80.** একজন লোকের বয়স, তার ছেলে রনিতের বয়সের তিনগুণ। 8 বছর পর লোকটির বয়স রনিতের বয়সের কতগুণ হবে?

(A) 2 গুণ (B) $2\frac{1}{2}$ গুণ (C) $2\frac{3}{4}$ গুণ (D) 3 গুণ

**81.** একটি গ্রামের 10% বাসিন্দা কলেরায় আক্রান্ত হয়ে মারা যায়। আতঙ্ক সৃষ্টি হওয়ায়, বাকি বাসিন্দাদের 25% গ্রাম ছেড়ে চলে যান। ফলে জনসংখ্যা কমে হয় 4050, গ্রামের আগের বাসিন্দা সংখ্যা কত ছিল?

(A) 8050 (B) 12000 (C) 6000 (D) 8000

**82.** একটি নির্বাচনে দু'জন প্রার্থীর মধ্যে ভোটার তাদের 75% ভোটদান করেন, প্রদত্ত ভোটের 2% ভোট অবৈধ বলে ঘোষণা করা হয়। একজন প্রার্থী 9261টি ভোট পেয়েছিল যা বৈধ ভোটের 75%, ওই নির্বাচনে কত সংখ্যক ভোটার ছিল?

(A) 18000 (B) 16800 (C) 14600 (D) 12500

**83.** একটি চালানের দুই তৃতীয়াংশ বিক্রি করে 5% লাভ হল ও বাকি অংশ বিক্রি করে 2% ক্ষতি হল। যদি মোট লাভ 400 টাকা হয়, তাহলে চালানের মোট মূল্য কত ছিল?

(A) 10000 টাকা (B) 12000 টাকা (C) 15000 টাকা (D) 18000 টাকা

**84.** একজন ব্যবসায়ী 36টি কলমের ধার্যমূল্যে 40টি কলম কিনল। যদি সে কলমগুলি 1% ছাড়ে বিক্রি করে, তাহলে শতকরা লাভের পরিমাণ কত?

(A) 10% (B) 8.5% (C) 5% (D) 7.5%

**85.** এক ব্যক্তি গ্রাম থেকে পোস্ট অফিসে 25 কিলোমিটার/ঘণ্টা গতিবেগে যায় ও 4 কিলোমিটার/ঘণ্টা গতিবেগে হেঁটে ফিরে আসে। যদি সম্পূর্ণ যাত্রায় 5 ঘণ্টা 48 মিনিট সময় লাগে, তাহলে গ্রাম থেকে পোস্ট অফিসের দূরত্ব কত?

(A) 10 কিলোমিটার (B) 15 কিলোমিটার (C) 17.5 কিলোমিটার (D) 20 কিলোমিটার

**86.** একটি উড়োজাহাজ একটি বর্গক্ষেত্রের চার ধার বরাবর 100, 200, 300 ও 400 কিলোমিটার/ঘণ্টা গতিবেগে উড়ে যায়। উড়োজাহাজটির গড় গতিবেগ নির্ণয় করুন।

(A) 76 কিলোমিটার/ঘণ্টা (B) 132 কিলোমিটার/ঘণ্টা (C) 192 কিলোমিটার/ঘণ্টা (D) 100 কিলোমিটার/ঘণ্টা

**87.** একটি মোটর বোট ও জলের স্রোতের গতিবেগের অনুপাত 36 : 5, নৌকাটি স্রোতের অনুকূলে 5 ঘণ্টা 10 মিনিটে যায়। নৌকাটি কত সময়ে ফিরে আসবে?

(A) 5 ঘণ্টা 20 মিনিট (B) 6 ঘণ্টা 50 মিনিট (C) 6 ঘণ্টা (D) 8 ঘণ্টা 15 মিনিট

**88.** 100 মিটার দৈর্ঘ্যের দু'টি ট্রেন পরস্পরের বিপরীত দিকে যাচ্ছে। ট্রেন দু'টি একে অন্যকে 8 সেকেন্ডে অতিক্রম করল। যদি একটি ট্রেন, অন্য ট্রেনটি থেকে দ্বিগুণ গতিবেগে যাত্রা করে থাকে, তাহলে দ্রুতগতি সম্পন্ন ট্রেনটির গতিবেগ কত?

(A) 40 কিলোমিটার/ঘণ্টা (B) 50 কিলোমিটার/ঘণ্টা (C) 60 কিলোমিটার/ঘণ্টা (D) 70 কিলোমিটার/ঘণ্টা

**89.** 13 এর কোন ক্ষুদ্রতম গুণিতককে, 4, 5, 6, 7 ও 8 দিয়ে ভাগ করলে, প্রতিক্ষেত্রে 2 ভাগশেষ থাকে?

(A) 840 (B) 842 (C) 2520 (D) 2522

**90.** কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 12 দিয়ে ভাগ করলে ভাগশেষ 7 হয়, 15 দিয়ে ভাগ করলে ভাগশেষ 10 হয় ও 16 দিয়ে ভাগ করলে ভাগশেষ 11 হয়?

(A) 115 (B) 235 (C) 247 (D) 475

**91.** যদি 213 × 16 = 3408 হয়, তাহলে 1.6 × 21.3 = ?

(A) 0.3408 (B) 3.408 (C) 34.08 (D) 340.8

**92.** একটি আমের ঝুড়িতে, প্রতি 30টি আমের মধ্যে একটি থেঁতো আম আছে। যদি প্রতি 4টি থেঁতো আমের মধ্যে 3টি আম অবিক্রিত হয় তাহলে এমন মোট 12টি আম অবিক্রিত আছে ঝুড়িতে। তাহলে ঝুড়িতে মোট কতগুলি আম আছে?

(A) 120 (B) 360 (C) 480 (D) 540

**93.** একটি শ্রেণিতে কিছু বেঞ্চ আছে। যদি প্রতিটি বেঞ্চে চারজন করে ছাত্র বসে তাহলে তিনটি বেঞ্চ ফাঁকা পড়ে থাকে। আবার, যদি প্রতি বেঞ্চে তিনজন করে বসে, তাহলে তিনজন ছাত্র না বসতে পেরে দাঁড়িয়ে থাকে। তাহলে শ্রেণিতে মোট ছাত্রের সংখ্যা কত?

(A) 48 (B) 72 (C) 45 (D) 50

**94.** 7-এর প্রথম 20টি গুণিতকের গড় কত?

(A) 147 (B) 73.5 (C) 70 (D) 75.5

**95.** একটি মিশ্রণে প্রথম ও দ্বিতীয় তরলের অনুপাত 2 : 3 ও অন্য মিশ্রণে ওই দু'টি তরলের অনুপাত 5 : 4, কোন অনুপাতে মিশ্রণ দু'টি মেশালে নতুন মিশ্রণে তরল দু'টির পরিমাণ সমান হবে?

(A) 2 : 5 (B) 3 : 7 (C) 5 : 9 (D) 9 : 11

**96.** একটি ট্যাঙ্কের জল তলদেশের একটি ছিদ্র দিয়ে সম্পূর্ণ নির্গত হতে 8 ঘণ্টা সময় নেয়। একটি ভরতি করার নল 6 লিটার প্রতি মিনিট হারে তাতে জল ভরে। ট্যাঙ্কটি যখন পরিপূর্ণ থাকে ও ভরতি করার নল খোলা থাকে, ট্যাঙ্কটি তখন 12 ঘণ্টায় খালি হয়। ট্যাঙ্কটির ধারণক্ষমতা কত?

(A) 7580 (B) 7960 (C) 8290 (D) 8640

**97.** যদি a + b + c = 0 হয়, তাহলে $\frac{a^2+b^2+c^2}{ab+bc+ca}=?$

(A) 2 (B) −2 (C) 0 (D) 4

**98.** এক প্রকাশক বইয়ের ধার্যমূল্যের ওপর 10% হারে বই বিক্রেতাকে কমিশন দিয়েও 20% লাভ করে, যদি কমিশন বৃদ্ধি পেয়ে 15% হয় তবে লাভের শতকরা হার কত হবে?

(A) $16\frac{2}{3}$ % (B) $13\frac{1}{3}$ % (C) $15\frac{5}{6}$ % (D) $12\frac{1}{2}$ %

**99.** ক্রয়মূল্য শতকরা কত হার বাড়িয়ে বিক্রয়মূল্য ধার্য করলে, ক্রেতাকে 10% ছাড় দিয়েও 20% লাভ থাকবে?

(A) $33\frac{1}{3}$ % (B) 25% (C) 20% (D) $11\frac{1}{9}$ %

**100.** একটি পিরামিড ও প্রিজমের আয়তন ও ভূমি পরস্পর সমান হলে তাদের উচ্চতার অনুপাত—

(A) 1 : 3 (B) 3 : 1 (C) 1 : 9 (D) 9 : 1

## উত্তর

1(C). 2(B). 3(B). 4(B). 5(A). 6(C). 7(B). 8(C). 9(C). 10(A). 11(C). 12(C). 13(C). 14(D). 15(B). 16(D). 17(A). 18(A). 19(D). 20(A). 21(C). 22(C). 23(C). 24(D). 25(A). 26(B). 27(C). 28(B). 29(D). 30(B). 31(D). 32(B). 33(A). 34(C). 35(A). 36(C). 37(C). 38(C). 39(B). 40(D).

41(A).

| S | H | O | E |
|---|---|---|---|
| −5↓ | −5↓ | −5↓ | −5↓ |
| N | C | J | Z |

একইভাবে,

| R | E | W | A |
|---|---|---|---|
| −5↓ | −5↓ | −5↓ | −5↓ |
| M | Z | R | V |

42(A). 43(B). 44(A). 45(A). 46(B). 47(B). 48(B). 49(D). 50(D).

51(D). প্রদত্ত শব্দে 'W' অক্ষরটি নেই।

তাহলে, 'VIEW' গঠন করা যাবে না।

52(C).

53(B). 18টি।

54(A). 55(B). 56(A).

57(D). কাকাতুতো ভাই।

58(D). 59(B). 60(B). 61(A). 62(D).

63(C). বাকিগুলি মন্দিরের জন্য বিখ্যাত।

64(A). 65(C). 66(C). 67(A). 68(D).

69(A).

put tir fin → delicious juicy fruit ..... (i)

tie dip sig → beautiful white lily .... (ii)

sig lon fin → lily and fruit ......... (iii)

(i) ও (iii) থেকে fruit — fin

(ii) ও (iii) থেকে lily — sig

তাহলে, and → lon.

70(D).

71(C). $(2x-3y):(5x-2y)=1:19$

$\Rightarrow 19(2x-3y)=1(5x-2y)$

$\Rightarrow 38x-57y=5x-2y$

$\Rightarrow 33x=55y$

$\Rightarrow x:y=5:3$

এখন, $(2x+3y):(3x-2y)$

$=\left(2.\frac{x}{y}+3\right):\left(3.\frac{x}{y}-2\right)$

$=\left(2.\frac{5}{3}+3\right):\left(3.\frac{5}{3}-2\right)$

= 19 : 9

72(D). 73(C). 74(B). 75(C).

76(B).

77(D). মাসের শুরু যদি রবিবার থেকে হয়, তাহলে মাসে পাঁচটি রবিবার হবে।

তাহলে, নির্ণেয় গড়

$=\left(\frac{510\times5+240\times25}{30}\right)=\frac{6550}{30}=285$

78(C). 79(B). 80(A). 81(C). 82(B).

83(C). মনে করি, চালানের মোট মূল্য x টাকা।

$\frac{2}{3}$ ভাগের ক্রয়মূল্য = $\frac{2x}{3}$ টাকা, $\frac{1}{3}$ ভাগের ক্রয়মূল্য $\frac{x}{3}$ টাকা

মোট বিক্রয়মূল্য

$=\left[\left(105\%\times\frac{2x}{3}\right)+\left(98\%\times\frac{x}{3}\right)\right]$

$=\left(\frac{7x}{10}+\frac{49x}{150}\right)=\left(\frac{154x}{150}\right)=\left(\frac{77x}{75}\right)$

লাভ = $\left(\frac{77x}{75}-x\right)=\frac{2x}{75}$ টাকা।

তাহলে, $\frac{2x}{75}-400$

$\Rightarrow x=\left(\frac{400\times75}{2}\right)=15000$

তাহলে, চালানের মোট মূল্য = 15000 টাকা।

84(A). 85(D). 86(C).

তাহলে, গড় গতিবেগ = 192 কিলোমিটার/ঘণ্টা।

87(B). মনে করি, মোটর বোট ও স্রোতের গতিবেগ যথাক্রমে 36x কিলোমিটার/ঘণ্টা ও 5x কিলোমিটার/ঘণ্টা।

তাহলে, অনুকূলে গতিবেগ = (36x + 5x) = 41x কিলোমিটার/ঘণ্টা।

প্রতিকূলে গতিবেগ = (36x − 5x) = 31x কিলোমিটার/ঘণ্টা।

মনে করি, দূরত্ব = d কিলোমিটার।

তাহলে, $\frac{d}{41x}=5\frac{10}{60}=\frac{31}{6}$

$\Rightarrow d=\left(\frac{31\times41}{6}\right)x=\frac{1271x}{6}$

তাহলে, ফিরে আসতে সময় লাগবে = $\frac{d}{31x}$

$=\left(\frac{1271x}{6}\times\frac{1}{31x}\right)=\frac{41}{6}=6\frac{5}{6}$

= 6 ঘণ্টা 50 মিনিট।

88(C).

89(D). 4, 5, 6, 7 ও 8-এর ল.সা.গু. = 840

মনে করি, সংখ্যাটি হল = (840k + 2) যেটি 13-এর একটি গুণীতক

তাহলে, k-এর সর্বনিম্ন মান যার জন্য = (840k × 2), 13 দ্বারা বিভাজ্য হবে k = 3

তাহলে, সংখ্যাটি হল = 840 × 3 + 2 = 2522

90(B). 91(C). 92(C).

93(A). মনে করি, শ্রেণিতে মোট বেঞ্চের সংখ্যা = x

প্রথম ক্ষেত্রে, প্রতি বেঞ্চে 4 জন ছাত্র বসে।

তাহলে, মোট ছাত্রের সংখ্যা = 4(x − 3)

দ্বিতীয় ক্ষেত্রে, 3 জন ছাত্র প্রতি বেঞ্চে বসে।

তাহলে, মোট ছাত্রের সংখ্যা = 3x + 3

তাহলে, 4(x − 3) = 3x + 3

$\Rightarrow 4x-12=3x+3\Rightarrow x=15$

তাহলে, শ্রেণিতে মোট ছাত্রের সংখ্যা

= 4(x − 3) = 4 × 12 = 48

94(B). 95(C). 96(D). 97(B). 98(B).

99(A). x = ক্রয়মূল্যের ওপর বর্ধিত হার

y = ছাড়ের হার = 10, z = মোট লাভের হার = 20

তাহলে, $z=x-y-\frac{xy}{100}\Rightarrow 20=x-10-\frac{10x}{100}$

$\Rightarrow 30=\frac{9x}{10}\Rightarrow x=\frac{100}{3}=33\frac{1}{3}$ %

100(B). $\frac{1}{3}$ ভূমির ক্ষেত্রফল × $h_1$ = ভূমির ক্ষেত্রফল × $h_2$

$\Rightarrow\frac{h_1}{h_2}=\frac{3}{1}$

তাহলে, $h_1:h_2=3:1$

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। ১৯৩০ সালে ভারতের প্রথম পদার্থবিজ্ঞানে 'নোবেল' পুরস্কারটি বিখ্যাত পদার্থবিজ্ঞানী স্যার সি.ভি.রমন কোন ক্ষেত্রে তাঁর কাজের জন্য পেয়েছিলেন — আলোকবিজ্ঞান।

২। কোন আকরিক লোহায় লোহার পরিমাণ সবথেকে বেশি থাকে — ম্যাগনেটাইট (ম্যাগনেটাইট সাধারণত ওজনের হিসাবে প্রায় ৭০% লোহা ধারণ করে)।

৩। গ্রাফাইট, কার্বন ও হীরাকে বর্ণনা করতে সঠিক পরিভাষা কোনটি — রূপভেদ।

৪। মরুভূমির জল সংকটপূর্ণ পরিস্থিতিতে কোন উদ্ভিদগুলি জন্মায় — জেরোফাইট।

৫। 'হেপাটাইটিস-এ', যা তরুণদের মধ্যে জন্ডিসের সবথেকে সাধারণ কারণ, এটি কীসের মাধ্যমে সৃষ্ট যকৃতের একটি সংক্রমণ — ভাইরাস।

৬। কোশপ্রাচীরবিহীন ক্লোরোপ্লাস্ট হল — প্রোটোপ্লাস্ট।

৭। ক্যালসিয়াম বা ম্যাগনেসিয়াম সালফেটের কারণে সৃষ্ট জলের স্থায়ী ক্ষরতা দূর করতে কোন পদ্ধতি ব্যবহার করা যেতে পারে — জিওলাইট পদ্ধতি।

৮। এডউইন হাওয়ার্ড আর্মস্ট্রং কোন প্রযুক্তির উদ্ভাবক ছিলেন — এফএম রেডিও।

## ইতিহাস

৯। ১৯৪৬ সালের 'তেভাগা আন্দোলন' এখন ভারতের কোন রাজ্যের সঙ্গে যুক্ত — পশ্চিমবঙ্গ।

১০। ১৮৯৩ সালে 'ডুরান্ড রেখা' যখন চিহ্নিত করা হয়, তখন আফগান-ই-স্তানের আমির ছিলেন — আব্দুর রহমান খান।

১১। ভারতের শেষ ভাইসরয় ছিলেন — লর্ড মাউন্টব্যাটেন (১৯৪৭ সালের ১২ ফেব্রুয়ারি থেকে ১৯৪৭ সালের ১৫ আগস্ট পর্যন্ত ভারতের শেষ ভাইসরয় হিসাবে দায়িত্ব পালন করেন তিনি)।

১২ জৈনধর্মের প্রথম তীর্থঙ্কর ছিলেন — ঋষভনাথ।

১৩। কোন স্থানে গৌতম বুদ্ধ তাঁর শেষ ধর্মোপদেশ দিয়েছিলেন — বৈশালী।

১৪। 'সব ভারতীয় স্বাধীন ও তাদের একজনও দাস নয়' - মৌর্য সাম্রাজ্য সম্পর্কে এই মন্তব্যটি করেছিলেন — গ্রিক ঐতিহাসিক ও রাষ্ট্রদূত মেগাস্থিনিস।

১৫। দক্ষিণ ভারতের কোন শাসক 'আন্ধ্রা ভোজ' নামে পরিচিত ছিলেন — কৃষ্ণদেব রায় (তাঁর শাসনকাল ১৫০৯-১৫২৯)।

১৬। কোন সম্রাট রাশিচক্রের চিহ্নযুক্ত মুদ্রা প্রবর্তন করেছিলেন — জাহাঙ্গীর।

## ভূগোল

১৭। ভারতে কফি উৎপাদনে কোন রাজ্য প্রভাব বিস্তার করেছে — কর্ণাটক (দেশের মোট কফি উৎপাদনের ৭০ শতাংশেরও বেশি জোগান দেয় এই রাজ্যটি)।

১৮। হিমালয়ের কোন অংশে উঁচু পর্বতশৃঙ্গ অত্যন্ত বিরল — পঞ্জাব হিমালয়।

১৯। 'ইন্দিরা কল' কোন দেশগুলির মধ্যে ত্রিবিন্দু সীমানা গঠন করে — ভারত, পাক-ই-স্তান ও চিন।

২০। ভারতের কোন রাজ্যে সর্বাধিক পাটকল অবস্থিত — পশ্চিমবঙ্গ (ভারতে ৯৪টি কম্পোজিট পাটকলের মধ্যে ৭০টিই পশ্চিমবঙ্গে অবস্থিত)।

২১। দক্ষিণ ভারতের 'নীলগিরি' অঞ্চলে কোন উপজাতি গোষ্ঠীটি প্রভাবশালী — টোডা (এখন দক্ষিণ ভারতের নীলগিরি অঞ্চলে প্রায় ৩,০০০ টোডা উপজাতি বাস করে)।

২২। 'লুনি' নদী কোন অঞ্চলে পতিত হয়েছে — কচ্ছের রণ।

২৩। ভারতের কোন রাজ্যে মোট বনভূমির পরিমাণ সর্বনিম্ন — হরিয়ানা (রাজ্যটির মোট ভূখণ্ডের ৬.৮৩% এলাকা বনভূমি)।

## অর্থনীতি

২৪। ২০২৫-'২৬ আর্থিক বছরে ভারত মোট কত বিলিয়ন ডলারের রেকর্ড পরিমাণ রফতানি অর্জন করেছে — ৮৬০ বিলিয়ন ডলার।

২৫। 'এইউ স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর এক্সিকিউটিভ ডিরেক্টর ও পূর্ণকালীন ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — বিবেক ত্রিপাঠী।

২৬। ১১.৭৫ বিলিয়ন ডলারের চুক্তিতে মার্কিনি প্রতিষ্ঠান 'অর্গানন অ্যান্ড কোং'কে অধিগ্রহণ করবে কোন সংস্থা — সান ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড।

২৭। ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯-এর কোন নির্দিষ্ট ধারার অধীনে 'পেটিএম পেমেন্টস ব্যাঙ্ক'এর লাইসেন্স বাতিলের ক্ষমতা প্রয়োগ করেছিল আরবিআই — ধারা ২২(৪)।

২৮। এবছরের ১৭ এপ্রিল তারিখে সমাপ্ত সপ্তাহে ভারতের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২.৩ বিলিয়ন ডলার বেড়ে কত ডলারে পৌঁছেছে — ৭০৩.৩ বিলিয়ন ডলার।

## সাম্প্রতিক ঘটনা

২৯। মর্যাদাপূর্ণ 'প্রেসিডেন্টস পুলিশ কালার' পেল কোন রাজ্যের পুলিশ — ওড়িশা পুলিশ।

৩০। ভারতে মহিলা কৃষকদের ক্ষমতায়ন করতে 'কৃষি সখী' উদ্যোগ চালু করল কারা — অ্যাগ্রিকালচার ইন্সিওরেন্স কোম্পানি।

৩১। ভারতের প্রথম 'পোর্ট অফ রিফিউজ' বা 'আশ্রয় বন্দর' চালু করল কোন সংস্থা — আদানি পোর্ট অ্যান্ড স্পেশাল ইকোনমিক জোন লিমিটেড (এই পদক্ষেপের লক্ষ্য হল, সমুদ্রে জরুরি পরিস্থিতিতে থাকা জাহাজের নিরাপত্তা সুনিশ্চিত করা ও সামুদ্রিক পরিবেশ রক্ষা করা)।

৩২। আনুষ্ঠানিকভাবে কোন উৎসব উদযাপনকে স্বীকৃতি দিল মার্কিন যুক্তরাষ্ট্রের নেব্রাস্কা অঙ্গরাজ্য — দিওয়ালি।

৩৩। 'এনএমডিসি লিমিটেড'এর ডিরেক্টর (ফিনান্স) হিসাবে দায়িত্ব



নিলেন কে — অনুরাগ কপিল।

৩৪। সিবিএসই'র কোন শ্রেণির জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা ও কম্পিউটেশনাল থিঙ্কিংয়ের পাঠ্যক্রম চালু করল কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক — তৃতীয় থেকে অষ্টম শ্রেণি।

৩৫। 'আরোগ্য বন' নামে একটি উদ্ভাবনী উদ্যোগ চালু করল কোন সংস্থা — ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া (এই প্রকল্পের অধীনে, হাইওয়ে লাগোয়া ফাঁকা জমিতে নিম, আমলা, তেঁতুল, জাম, লেবু প্রভৃতির মতো প্রায় ৩৬টি ঔষধি গাছ লাগানো হবে)।

৩৬। কোন রাজ্যের আঞ্জাও জেলায় লোহিত নদীর ওপর 'কালাই-২ জলবিদ্যুৎ প্রকল্প' নির্মাণের অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা — অরুণাচল প্রদেশ।

৩৭। ২০২৭ সাল থেকে শুরু হতে চলা নতুন ৩ বছর মেয়াদের জন্য, রাষ্ট্রসঙ্ঘের মর্যাদাপূর্ণ 'কমিটি অন ইকোনমিক, সোশ্যাল অ্যান্ড কালচারাল রাইটস'এ আবার নির্বাচিত হলেন কে — প্রবীণ কূটনীতিবিদ প্রীতি শরণ।

৩৮। 'ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — সঞ্জয় খান্না।

৩৯। 'ওপন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্স'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — বিভোর জৈন।

৪০। ধসের কারণে উত্তর সিকিমের লাচেনে আটকে পড়া সব পর্যটককে নিরাপদে উদ্ধার করতে কোন অপারেশন চালু করেছিল ভারতীয় সেনাবাহিনী — অপারেশন হিমসেতু।

৪১। 'বিশ্ব হোমিওপ্যাথি দিবস' কবে পালিত হয় — ১০ এপ্রিল।

৪২। ভারত থেকে ২০০টি ব্রড-গেজ রেল কোচ কিনবে কোন দেশ — বাংলাদেশ।

৪৩। 'আমার গ্রাম, সুস্থ গ্রাম' নামে একটি নতুন গ্রামীণ স্বাস্থ্যসেবা অভিযান শুরু করল কোন রাজ্য — মহারাষ্ট্র।

৪৪। গালিগালাজ মুক্ত গ্রাম হিসাবে বিবেচিত হল কোন রাজ্যের বুরহানপুর জেলার বোরসার গ্রাম — মধ্য প্রদেশ।

৪৫। আপার ৬ গিগাহার্ৎজ স্পেকট্রাম প্রযুক্তি ব্যবহার করে, বিশ্বের প্রথম দেশ হিসাবে বাণিজ্যিকভাবে ১০ গিগাবাইট ইন্টারনেট নেটওয়ার্ক চালু করল কারা — সংযুক্ত আরব আমিরশাহী।

৪৬। নতুন এআই মডেল 'মিউজ স্পার্ক' উন্মোচন করল কোন সংস্থা — মেটা।

৪৭। 'ন্যাসকম ফাউন্ডেশন'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — ইউ.বি.প্রবীণ রাও।

৪৮। এবছর 'প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা'র কত বছর উদযাপন করল ভারত — ১১-বছর (ক্ষুদ্র ব্যবসাগুলিকে জামানতবিহীন ঋণ প্রদানের লক্ষ্যে, ২০১৫ সালের ৮ এপ্রিল এটি চালু হয়)।

৪৯। 'সেন্টার ফর রিসার্চ অন এনার্জি অ্যান্ড ক্লিন এয়ার'এর রিপোর্ট অনুযায়ী, মার্চে ভারতের সবথেকে দূষিত শহর হিসাবে শীর্ষে উঠে এসেছে কারা — হরিয়ানার গুরুগ্রাম।

৫০। 'ইন্টেল'এর এশিয়া প্যাসিফিক ও জাপান অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — সন্তোষ বিশ্বনাথন।

৫১। 'জিন্দাল স্টেইনলেস'এর প্রথম প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন কে — বলিউড সুপারস্টার রণবীর সিং।

৫২। কোথায় ভারতের প্রথম পুরোপুরি দেশীয় কয়লা থেকে অ্যামোনিয়াম নাইট্রেট তৈরির প্রকল্পের জন্য একটি চুক্তি স্বাক্ষর করল 'ভারত কোল গ্যাসিফিকেশন অ্যান্ড কেমিক্যালস লিমিটেড' ও 'মহানদী কোলফিল্ডস লিমিটেড' — ওড়িশার ঝাড়সুগুড়া জেলার লখনপুর।

৫৩। কোথায় 'বিক্রমাদিত্য বৈদিক ঘড়ি' স্থাপন করা হয়েছে — উত্তর প্রদেশের বারাণসীতে 'শ্রী কাশী বিশ্বনাথ ধাম' মন্দির চত্বরে।

৫৪। কোথায় একটি 'মেট্রো বিশ্ববিদ্যালয়' স্থাপনের অনুমোদন দিল উত্তর প্রদেশ সরকার — গ্রেটার নয়ডা।

৫৫। প্রথম ঘোষিত সমকামী হিসাবে রাজ্যসভার সাংসদ পদে শপথ নিয়ে নজির গড়লেন কে — সুপ্রিম কোর্টের বিশিষ্ট আইনজীবী মেনকা গুরুস্বামী।

৫৬। ভিয়েতনামের প্রেসিডেন্ট এখন কে — তো লাম।

৫৭। 'স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে অতিরিক্ত দায়িত্ব নিলেন কে — কৃষ্ণ কুমার সিং।

৫৮। কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন মন্ত্রকের অধীন ভূমি সম্পদ বিভাগের সচিব হিসাবে দায়িত্ব নিলেন কে — নরেন্দ্র ভূষণ।

৫৯। প্রায় এক শতাব্দী অনুপস্থিতির পর, সফলভাবে কোন রাজ্যের তৃণভূমিতে ফিরে এল কৃষ্ণসার হরিণ — ছত্তিশগড়।

৬০। বিচারকদের সিদ্ধান্ত গ্রহণ ও রায় নির্ধারণে কোনোভাবেই এআই ব্যবহার করা যাবে না বলে জানিয়ে দিল কোন হাই কোর্ট — গুজরাত হাই কোর্ট।

৬১। ভারতে অনুমোদিত হওয়া ডেঙ্গুর টিকা 'কিউডেঙ্গা' বা 'টিকে-০০৩' তৈরি করেছে কোন সংস্থা — জাপানের বায়োফার্মা কোম্পানি 'তাকেদা'।

৬২। নেপালের সংসদের স্পিকার হিসাবে নির্বাচিত হলেন কে — দোল প্রসাদ আরিয়াল।

৬৩। কোথায় 'বনতারা বিশ্ববিদ্যালয়' চালু করার কথা ঘোষণা করলেন 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ'এর এক্সিকিউটিভ ডিরেক্টর অনন্ত আম্বানি — গুজরাতের জামনগর (এটি হবে বন্যপ্রাণী সংরক্ষণ ও পশুচিকিৎসা বিজ্ঞানের জন্য বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয়)।

৬৪। ভারতের বৃহত্তম অটোমোবাইল রফতানি কেন্দ্র হিসাবে রেকর্ড গড়ল কোন বন্দর — গুজরাতের 'মুন্দ্রা বন্দর' (এপ্রিলে, একটি একক জাহাজে ৬,০০৮টি গাড়ি রফতানি করে নতুন জাতীয় রেকর্ড গড়েছে এই বন্দরটি)।

৬৫। ক্যান্সারকে একটি 'বিজ্ঞাপিত রোগ' হিসাবে ঘোষণা করল কোন রাজ্য — তেলেঙ্গানা (এর ফলে রাজ্যের সব সরকারি ও বেসরকারি হাসপাতাল, ল্যাব ও স্বাস্থ্যকেন্দ্রে ক্যান্সার শনাক্ত হওয়ার ১ মাসের মধ্যে তা সরকারকে রিপোর্ট করা বাধ্যতামূলক হয়েছে)।

৬৬। 'হিমাচল দিবস' কবে পালিত হয় — ১৫ এপ্রিল।

৬৭। 'বোহাগ বিহু' বা 'রোঙ্গালি বিহু' উৎসব কোন রাজ্যে পালিত হয় — অসম।

৬৮। 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — অনন্ত স্বরূপ।

৬৯। বিহারের মুখ্যমন্ত্রী এখন কে — সম্রাট চৌধুরি।

৭০। এবছর 'অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিস'এর জাতীয় মুট কোর্ট প্রতিযোগিতায় বিজয়ী হল কারা — বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়।

৭১। অস্ট্রেলিয়ান সেনাবাহিনীর ১২৫ বছরের ইতিহাসে প্রথম মহিলা প্রধান হিসাবে নিযুক্ত হলেন কে — লেফটেন্যান্ট জেনারেল সুজান কোয়েল।

৭২। তামিলনাড়ু ও পুদুচেরির আয়কর বিভাগের প্রধান মুখ্য কমিশনার হিসাবে নিযুক্ত হলেন কে — সুনীল বাজপেয়ী।

৭৩। সিকিমের প্রথম সীমান্ত গ্রামভিত্তিক কমিউনিটি রেডিও স্টেশন চালু করল ভারতীয় সেনাবাহিনীর 'ত্রিশক্তি কোর'। স্টেশনটির নাম কী — সিকিম সুন্দরী।

৭৪। মার্কিন যুক্তরাষ্ট্রের কোন শহরের প্রাণকেন্দ্রে প্রথমবার স্বামী বিবেকানন্দের একটি পূর্ণাবয়ব ব্রঞ্জ মূর্তি স্থাপন করা হল — সিয়াটল।

৭৫। কিংবদন্তি বর্ষীয়ান সঙ্গীতশিল্পী আশা ভোঁসলে (৯২ বছর) কবে মারা যান — ১২ এপ্রিল।

৭৬। 'বিশ্ব স্বাস্থ্য দিবস' কবে পালিত হয় — ৭ এপ্রিল।

৭৭। 'বিশ্ব কণ্ঠ দিবস' কবে পালিত হয় — ১৬ এপ্রিল।

৭৮। প্রতিটি সরকারি, বেসরকারি ও অসংগঠিত ক্ষেত্রে মহিলাদের জন্য ঋতুকালীন ছুটি কার্যকর করছে কোন রাজ্য — কর্ণাটক (এর ফলে, রাজ্যের মহিলা কর্মীরা মাসে ১ দিন করে বছরে মোট ১২ দিন ঋতুকালীন ছুটি পাবেন)।

৭৯। ইরাকের প্রেসিডেন্ট এখন কে — নিজার আমেদি।

৮০। ভারতে প্রথম বিশেষভাবে সক্ষম আবেদনকারীদের জন্য ব্রেইল ও সাইন ল্যাঙ্গোয়েজ পরিষেবা চালু করল কোন আঞ্চলিক পাসপোর্ট অফিস — ভোপাল।

## খেলাধূলা

৮১। সম্প্রতি অবসর ঘোষণাকারী ক্যারোলিনা মারিন কোন দেশের ব্যাডমিন্টন খেলোয়াড় — স্পেন।

৮২। আইসিসি'র বিচারে, মার্চের সেরা মহিলা খেলোয়াড় হিসাবে নির্বাচিত



হলেন কে — নিউজিল্যান্ডের মিলি কের।

৮৩। আইসিসি'র বিচারে, মার্চের সেরা পুরুষ খেলোয়াড় হিসাবে নির্বাচিত হলেন কে — ভারতের সঞ্জু স্যামসন।

৮৪। এবছর 'রটারডাম ম্যারাথন'এ দেশের দীর্ঘতম সময়ের জাতীয় রেকর্ড ভেঙে ইতিহাস গড়লেন কে — ভারতীয় লং-ডিস্ট্যান্স রানার ২৮ বছর বয়সি সাওয়ান বারওয়াল (২ ঘন্টা ১১ মিনিট ৫৮ সেকেন্ড সময় নিয়ে এই রেকর্ড গড়েন তিনি)।

৮৫। ২০২৫ সালে 'উইজডেন ক্রিকেটার্স অ্যালমানাক'এর বিচারে, পুরুষ ও মহিলাদের ক্রিকেটে 'লিডিং ক্রিকেটার ইন দ্য ওয়ার্ল্ড' হিসাবে মনোনীত হলেন কারা — যথাক্রমে অস্ট্রেলিয়ার তারকা পেসার মিচেল স্টার্ক ও ভারতীয় অলরাউন্ডার দীপ্তি শর্মা।

৮৬। এবছর 'মন্টে-কার্লো মাস্টার্স'এ সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — জ্যানিক সিনার (কার্লোস আলকারাজ'কে ৭-৬ (৫) ও ৬-৩ ব্যবধানে হারিয়ে)।

৮৭। এবছর কিরগিজস্তানের বিশকেকে, 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ফ্রিস্টাইল ৬৫ কেজি ও ৭০ কেজি বিভাগে সোনার পদক পেলেন কারা — যথাক্রমে দুই ভারতীয় কুস্তিগির সুজিত কালকাল ও অভিমন্যু মান্ডওয়াল।

সঙ্কলক : পলি দেওয়ান

## রিজার্ভ ব্যাঙ্কে ৬০ অফিসার

১ পাতার পর

ডেভেলপমেন্ট ইকনমিক্স ও ইন্টারন্যাশনাল ইকনমিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

ফিনান্স, কোয়ান্টিটেটিভ ফিনান্স, ম্যাথমেটিক্যাল ফিনান্স, কোয়ান্টিটেটিভ টেকনিক্স, ইন্টারন্যাশনাল ফিনান্স, বিজনেস ফিনান্স, ব্যাঙ্কিং অ্যান্ড ট্রেড ফিনান্স, ইন্টারন্যাশনাল অ্যান্ড ট্রেড ফিনান্স, কর্পোরেট ফিনান্স, প্রোজেক্ট অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ফিনান্স, অ্যাগ্রি বিজনেস ফিনান্সের এম.এ. বা, এম.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

গবেষণা বা, শিক্ষকতার কাজে অভিজ্ঞতা ও নামি জার্নাল প্রকাশনায় দক্ষতা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে। মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**অফিসার, গ্রেড-বি (ডি.আর.) - ডি.এস.আই.এম. :** স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্স, ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্যাল ইকনমিক্স, ইকোনমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফমেটিক্স, অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্স, কোয়ান্টিটেটিভ ইকনমিক্স, ইকনোমেট্রিক্স বা, ইনফমেটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ডাটা সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, বিগ ডাটা অ্যানালিটিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স, অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্স, কোয়ান্টিটেটিভ ইকনমিক্স, ইকনোমেট্রিক্স, ইনফমেটিক্স, ডাটা সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, বিগ ডাটা অ্যানালিটিক্সের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন।

সংশ্লিষ্ট বিষয়ে ডক্টরেট ডিগ্রি থাকলে অগ্রাধিকার পাবেন। গবেষণা বা, শিক্ষকতার কাজে অভিজ্ঞতা ও নামি জার্নাল প্রকাশনায় দক্ষতা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে। মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৪-২০২৬'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৪-১৯৯৬ থেকে ১-৪-২০০৫'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর বয়সে ছাড় পাবেন। যাঁরা এম.ফিল. বা, ডক্টরেট করছেন, তাঁরা যথাক্রমে ২ ও ৪ বছর বয়সে ছাড় পাবেন। বাণিজ্যিক ব্যাঙ্ক বা, আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসাবে কাজ করার অভিজ্ঞতা থাকলে সর্বোচ্চ ৩ বছর বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার এই পরীক্ষা দিতে পারবেন। তপশিলী, ও.বি.সি., ই.ডব্লু.এস. ও প্রতিবন্ধীদের বেলায় কোনো কড়াকড়ি নেই। এই পদের বিজ্ঞপ্তি নং : RBISB/DA/01/2026-27.

প্রার্থী বাছাই করবে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সার্ভিসেস বোর্ড। সব পদের বেলায় প্রথমে অনলাইন পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের পরীক্ষা হবে পূর্ব ভারতে এইসব কেন্দ্রে: কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, কল্যাণী, হুগলি, বর্ধমান, দুর্গাপুর, হাওড়া।

অফিসার, গ্রেড-বি (ডি.আর.) জেনারেল পদের বেলায় প্রথম পর্যায়ের পরীক্ষা হবে ১৩ জুন। দ্বিতীয় পর্যায়ের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পত্রের পরীক্ষা হবে ২৫ জুলাই।

ডি.ই.পি.আর. আর গ্রেড-বি (ডি.আর.) ডি.এস.আই.এম. পদের বেলায় প্রথম পর্যায়ের পরীক্ষা হবে ১৪ জুন। ডি.পি.ই.আর. ও ডি.এস.আই.এম. পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের দ্বিতীয় ও তৃতীয় পত্রের পরীক্ষা হবে ২৬ জুলাই।

সব পর্যায়ের পরীক্ষার সিলেবাস ওয়েবসাইটে পাবেন। সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.rbi.org.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন আর নিচের এই প্যারাগ্রাফটি স্ক্যান করে নেবেন। 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর আর ফটো ও সিগনেচার আপলোড করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

৬ পাতার পর

২৫ ফেব্রুয়ারি : ইজরায়েলের সর্বোচ্চ সম্মান 'স্পিকার অফ দ্য নেসেট'এ ভূষিত হলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মোদীই হলেন প্রথম ভারতীয় প্রধানমন্ত্রী, যিনি ইজরায়েলের পার্লামেন্টের এই সর্বোচ্চ সম্মান পেলেন। ভারত ও ইজরায়েলের মধ্যে কৌশলগত সম্পর্ক দৃঢ় করতে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসারে এই সম্মান পেলেন তিনি।

□ ভারতের দক্ষিণী রাজ্য কেরলের নাম বদলে অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। এবার থেকে কেরলের নাম হবে 'কেরলম'। এই নাম বদলানোর জন্য কেরলের বিধানসভায় ২০২৩-'২৪ সালে দু'বার প্রস্তাব পাস করানো হয়েছিল। শেষপর্যন্ত সেই প্রস্তাবে অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, 'কেরলম' নামটি ঔপনিবেশিক আমলেরও আগে থেকে প্রচলিত। প্রাচীন শিলালিপি ও তামিল সাহিত্যে এর উল্লেখ পাওয়া যায়।

২৬ ফেব্রুয়ারি : স্বাস্থ্যক্ষেত্রে এআই'এর ব্যবহার নিয়ে ইউটিউবে সম্প্রচারিত অনুষ্ঠানে সর্বোচ্চ দর্শকের জন্য 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল 'ন্যাশনাল বোর্ড অফ এক্সামিনেশন ইন মেডিক্যাল সায়েন্সেস'। চিকিৎসাক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা সংক্রান্ত একটি লাইভ অনুষ্ঠানের আয়োজন করেছিল এনবিইএমএস। ইউটিউবে সম্প্রচারিত সেই অনুষ্ঠানে যোগ দেন ১৭,৯৯৯ জন চিকিৎসক। এটি মূলত এনবিইএমএস'এর একটি অনলাইন কোর্স, যেখানে দেশের চিকিৎসকদের ৬ মাস এআই সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হবে। বিনামূল্যে এই প্রশিক্ষণ কর্মসূচির মূল লক্ষ্য হল, দেশের চিকিৎসকদের দক্ষতা বাড়িয়ে তোলা।

□ সড়ক দুর্ঘটনার শিকারদের সময়োপযোগী সাহায্য প্রদানের জন্য, 'রাহ-বীর' প্রকল্প বাস্তবায়নের ঘোষণা করলেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা। এই প্রকল্পের অধীনে, 'গোল্ডেন আওয়ার'এর মধ্যে যাঁরা দুর্ঘটনার শিকার ব্যক্তিদের সহায়তা করবেন ও তাঁদের সময়মতো চিকিৎসা পরিষেবা নিশ্চিত করবেন, তাঁদের ২৫,০০০ টাকা নগদ পুরস্কার ও শংসাপত্র দেওয়া হবে। এক্ষেত্রে একাধিক দুর্ঘটনার শিকার ব্যক্তিকে উদ্ধার করা হলেও, প্রতিটি দুর্ঘটনার জন্য সর্বোচ্চ ২৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে।

□ প্রথম বিশ্বনেতা তথা রাজনীতিবিদ হিসাবে 'ইনস্টাগ্রাম'এ ১০ কোটি ফলোয়ার্সের মাইলফলক অতিক্রম করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ২০১৪ সাল থেকে ইনস্টাগ্রামে সক্রিয় থাকা মোদীর অ্যাকাউন্ট গত এক দশকে বিশ্বনেতাদের মধ্যে অন্যতম জনপ্রিয় ও সর্বাধিক এনগেজমেন্ট-সমৃদ্ধ প্ল্যাটফর্মে পরিণত হয়েছে। পরিসংখ্যান অনুযায়ী, মোদীর ইনস্টাগ্রাম ফলোয়ার্স সংখ্যা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প'এর তুলনায় প্রায় দ্বিগুণ। এখন ট্রাম্পের ফলোয়ার্স সংখ্যা প্রায় ৪.৩ কোটি।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com